

অধ্যাপক সারওয়ার বি. সালামকে শ্রদ্ধা নিবেদন দ্যা অপটিমিস্টের পৃষ্ঠা ৩০

প্রথম আলো

Prothom Alo North America

23 May 2024, Thursday, 8th Year, Issue 375, 40 Pages

এভারেস্টে লাল-সবুজের পতাকা উড়িয়েছেন বাবর আলী! পৃষ্ঠা ১৪

২৩ মে ২০২৪, ৯ জ্যৈষ্ঠ ১৪৩১, ১৫ জিলকদ ১৪৪৫, বৃহস্পতিবার, ৮ম বর্ষ , সংখ্যা ৩৭৫, পৃষ্ঠা : ৪০

এমপি আনার খুন ‘মিসটেরিয়াস’ হিসেবে দেখছেন দায়িত্বশীলরা

ঢাকা ডেস্ক

আনোয়ারুল আজিম

ভারতে গিয়েছিলেন চিকিৎসা করাতে। কিন্তু খুন হয়ে গেলেন ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। তবে তার মরদেহ নিয়ে এখনও রহস্যের জট খুলেনি। এমপি আনারের মরদেহ উদ্ধার করা হয়েছে কি না, সেই বিষয়ে এই প্রতিবেদন লেখা পর্যন্ত আনুষ্ঠানিকভাবে কিছু বলেনি পশ্চিমবঙ্গ পুলিশ।

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

প্রতিনিয়ত প্রাণ ঝরছে ইমিগ্র্যান্ট প্রত্যাশীদের

যুক্তরাষ্ট্র

স্বপ্নের দেশে আসতে গিয়ে মানুষের স্বপ্ন ভঙ্গ হচ্ছে। গহিন জঙ্গল থেকে উত্তাল সাগরে প্রাণ ঝরছে বেপরোয়া অভিবাসন প্রত্যাশীদের।

ইব্রাহীম চৌধুরী

■ প্রযুক্তি ব্যবহার করে যুক্তরাষ্ট্র সীমান্তে ইমিগ্র্যান্ট নিয়ে আসার বিশাল চক্র গড়ে তুলেছে পাচারকারীরা।

বিশ্বজুড়ে একদেশ থেকে অন্যদেশে ইমিগ্রেন্টদের অভিযাত্রার ধরন বদলেছে। বদলায়নি আমেরিকার পুরোনো ইমিগ্রেশন আইন। আদম পাচারকারীরা এখন প্রযুক্তি ব্যবহার করছে। সোশ্যাল মিডিয়াতে বিজ্ঞাপন দিয়ে বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজনকে নিয়ে আসছে আমেরিকার সীমান্তে। মার্কিন অভিবাসন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪

দু’টি বিতর্কে বাইডেন-ট্রাম্প সম্মত

শিতাংশু গুহ

যুক্তরাষ্ট্রে প্রথা হচ্ছে, নির্বাচনের আগে দুই বড় দলের দুই প্রেসিডেন্ট প্রার্থী তিনটি প্রকাশ্য বিতর্কে অংশ নিয়ে থাকেন। এবার বাইডেন ও ট্রাম্প কেউই তাতে আগ্রহ দেখাচ্ছিলেন না। বিতর্ক হবে কিনা তা নিয়ে টালবাহানা চলছিলো। শেষপর্যন্ত অচলাবস্থার নিরসন হয়েছে, দুই পক্ষ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

তিন বাংলাদেশি এশিয়ান প্রভাবশালীর তালিকায়

নিউইয়র্ক

উত্তর আমেরিকা ডেস্ক

তিন বাংলাদেশি স্থান পেয়েছেন নিউইয়র্ক সিটি অ্যান্ড স্টেট পরিচালিত ‘এশিয়ান প্রভাবশালী-১০০’ তালিকায়। তারা হলেন বাংলাদেশি বংশোদ্ভূত প্রথম নিউইয়র্ক সিটি কাউন্সিল সদস্য শাহানা হানিফ, অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান-আমেরিকা লেবার এ্যাসাল’র ন্যাশনাল প্রেসিডেন্ট মাফ মিসবাহউদ্দিন এবং দে সি ব্লু এনওয়াই’র প্রেসিডেন্ট তানবির চৌধুরী। নিউইয়র্ক স্টেটে বিভিন্ন ক্ষেত্রে কর্মরত প্রভাবশালী ১০০ এশিয়ানকে নিয়ে এই তালিকা করা হয়ে থাকে।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ২

জে. আজিজের নিষেধাজ্ঞায় যে কারণে চাঞ্চল্য

ঢাকা অফিস

আজিজ আহমেদ

সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদ এবং তার পরিবারের সদস্যদের ওপর মার্কিন নিষেধাজ্ঞার খবরে ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে দেশ ও দেশের বাইরে। ওয়াশিংটন থেকে খবরটি আসে মঙ্গলবার (বাংলাদেশ সময়) ভোররাতে। তখন

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৩

নিয়মনীতির তোয়াক্কা করছে না জ্যামাইকা ফেন্ডস সোসাইটি

ঘুরেফিরে কিছু লোক দিনের পর দিন চালাচ্ছেন সংগঠন। নেয়া হয়নি কমিউনিটির গুরুত্বপূর্ণ ব্যক্তিদের।

মনজুরুল হক

নিউইয়র্কে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি দীর্ঘদিন ধরে কমিউনিটিতে নানা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ সংগঠনটির আর্থিক স্বচ্ছতা, সাংবিধানিক কাঠামোসহ একাধিক বিষয়ে এখন প্রশ্ন উঠেছে।

আসছে ৯ জুন বাংলা উৎসব পথমেলার আয়োজনকে সামনে রেখে এমন সব দুর্বলতা প্রকাশ্যে চলে এসেছে। সংগঠনটির বিভিন্ন আয়োজনের আয়-ব্যয়ের হিসেব প্রশ্নবিদ্ধ। কোন ব্যাংকে হিসাব পরিচালিত হয় সেসব সম্পর্কে কোন খবর রাখেননা সংগঠনের দায়িত্বশীল ব্যক্তিরাও। ২২ মে এক সংবাদ সম্মেলনে এসব অভিযোগ সম্পর্কে ব্যাখ্যা দেয়ার চেষ্টা করেছেন সংগঠনের সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার।

নিউইয়র্কের জ্যামাইকায় সমৃদ্ধ একটি বাঙালী কমিউনিটির বসবাস।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

Queens Social Adult
Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- মাত্রা ও মুখরোচক খাবার পরিবেশন (হালাল)
- ফিজিট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- অ্যাথেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা
  (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, আত্মা, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওষুধ ও দাদাতের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে প্যাটি
- নৌ-ভ্রমণ ও মৎস্য শিকার

আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- দাঁবা
- অন্যান্য

We speak
Spanish, Urdu, Hindi &
Arabic

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি

মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরামর্শ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।

রুবিনা আক্তার, এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

74-09 37th Ave. Suite 205, Jackson Heights, NY 11372 TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL 718-764-6911

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

আমরা বাংলায় কথা বলি

সুরাইয়া রহমান

CENTERLIGHT
Healthcare PACE
55+ বয়সী প্রাপ্তবয়স্কদের জন্য
অল-ইনক্লুসিভ কেয়ার কর্মসূচি
Medicare ও Medicaid-এর কভার করা সব পরিষেবা ও প্রেসক্রিপশনের ওষুধের জন্য একটি পরিকল্পনা:
• চিকিৎসা সেবা
• ডিন্টিস্ট্রি নার্স
• দাঁত, দৃষ্টি, শ্রবণ
• প্রেসক্রিপশনের ওষুধ
• ওভার-দ্যা-কাউন্টার (OTC)
• পারিপার্শ্বিক ও অকুপেশনাল থেরাপি
• বাড়িতে স্বাস্থ্য সহায়তাকারী
• প্রাপ্তবয়স্কদের ডে সেন্টার
• বিনোদন ও আয়ার
• পরিবহন এবং অন্যান্য।
Rx
সেইসাথে - প্রাত্যহিক জিনিসপত্র যেমন মুদি এবং প্রসাধন সামগ্রী ব্যবহারের জন্য আমাদের My Needs Card নিন**
আরো তথ্যের জন্য, ফোন করুন:
1-877-286-PACE (7223) | TTY 711 MON-FRI 8AM-8PM
centerlighthealthcare.org
*পরিষেবা, প্রেসক্রিপশনের ওষুধ এবং IDT দ্বারা নির্ধারিত OTC-এর জন্য চিকিৎসাগত আবশ্যকতা।
**My Needs Card, PACE স্ট্যান্ডার্ড বেনিফিট প্যাকেজের অধীন প্রয়োজনীয় বা ঐচ্ছিকভাবে সরবরাহ করা Medicare এবং/অথবা Medicaid-এর কভার করা পরিষেবাগুলির বিকল্প নয়।
H3329_KeepingPACE2022_Newspaper_Approved 10132022 Bengali
বার্ধক্যের গতির সাথে তাল মিলিয়ে চলা

আপনাকেই বলছি!!!
+1 347 279 8366 , +1 347 476 7522,

sunman express
global money transfer
টাকা পাঠানো
এখন আরো
সহজ
DOWNLOAD
MOBILE APP
SUNMAN EXPRESS
MOBILE APP
sunmanexpress.com
718-505-2224
DHAKA BANK
EXCELLENCE IN BANKING
aibl
UCB
bKash

Bring your Product from Bangladesh to USA with Very affordable Price
Bangladesh to USA

Speeding ruins lives.
Slow down.
NYC
Eric Adams
Mayor
NEW YORK CITY
DOT
Ydanis Rodriguez
Commissioner
VISION ZERO
Building a Safer City

সাবধানতার সাথে ই-বাইক চালান।

এগুলির গতি খুব দ্রুত বেড়ে যায়।

শুরু করার আগে সব জেনে নিন।

সাবধানতার সাথে গতি বাড়িয়ে এবং ব্রেক লাগিয়ে, ফুটপাত থেকে দূরে থেকে, এবং যানচলাচল সংক্রান্ত সমস্ত নিয়ম-কানুন মেনে নিজেকে এবং অন্যদের সুরক্ষিত রাখুন।

আরো তথ্যের জন্য nyc.gov/ebikes দেখুন

NYC Eric Adams Mayor | NEW YORK CITY DOT Ydanis Rodriguez Commissioner

VISION ZERO Building a Safer City

KARNAFULLY HOME CARE

KARNAFULLY HOME CARE

[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]

WE CARE
YOUR FAMILY
LIKE OURS

সততা এবং
বিশ্বস্ততাই
আমাদের
বৈশিষ্ট

NYS
Department of
Health CDPAP

Mohammed Hasem, MBA
President and CEO

মেডিকেইড অনুমোদিত
CDPAP - এর আওতায়
আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন

হোম কেয়ার সার্ভিস
নিলে আপনিও পেতে পারেন
প্রতি মাসে বাড়ি ভাড়া বাবদ
সর্বোচ্চ $৮০০ । আজই আসুন

Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432

Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372

Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211

347-621-6640
Fax: 347-338-6799
karnafullyhc@gmail.com
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com

www.lovetocarehc.com

সম্পাদকীয়

একান্নবর্তী পরিবার : শব্দের আড়ালের গল্প, শুধু স্মৃতি!

সভ্যতার আধুনিকায়নের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হচ্ছে সমাজ। এই পরিবর্তনের হাওয়া লেগেছে আমাদের সংস্কৃতিতেও। আকাশসংস্কৃতির প্রভাবে হারিয়ে যাচ্ছে বাঙালির হাজার বছরের শ্রেষ্ঠ সংস্কৃতি। কালের বিবর্তনে হারিয়ে যাচ্ছে একান্নবর্তী পরিবার, যা ছিল বাঙালি সংস্কৃতির সঙ্গে নিবিড়ভাবে জড়িত। কিন্তু বর্তমানে মানুষগুলো কেমন স্বার্থপর, হাতাশাগ্রস্ত আর বস্তুবাদী বিশ্বের পেছনে ছুটতে ছুটতে ক্লান্তপ্রায়। তাতে ওড়ে না কোনো সুখ, নেই মায়া-মমতা, আর প্রেম-ভালোবাসা। একক পরিবারের কালো থাবায় হারিয়ে যাচ্ছে পারিবারিক বন্ধন। দুরন্ত শৈশব আজ আটকে গেছে বারান্দার গ্রিলে।

একান্নবর্তী পরিবারের ধারনা থেকে আমরা অনেক দূরে সরে এসেছি। অথচ এক সময় যৌথ পরিবারকেন্দ্রিক পরিবেশ পারিপার্শ্বিকতা আপনজনদের পরস্পরের সান্নিধ্যে থেকে মায়ার আবেগ-অনুভূতি বাঙালী সংস্কৃতিরই অংশ ছিল। চারপাশে তাকালে দেখা যায় বাঙালী পরিবারগুলো পরিবেশগত কারণে আজ একজন থেকে আরেকজন কতটা দূরে। যে কেউ কিছু বুঝে ওঠার আগেই মিলিয়ে গেল তা যেন কেউ টেরই পায়নি। পরিবারের আকাশে কদাচিৎ দু-একটা নক্ষত্রের দেখা মিললেও নেই সেখানে প্রাণবন্ত আবেগ আর আবেশ। জরাজীর্ণ দিবসের কর্মমুখরতা ছাড়া এই স্বেচ্ছা নির্বাসিত অপরিসর মর্মের গহীনে হারিয়ে যাওয়া জীবনের ধ্বনিটাই যেন প্রতিধ্বনি হয়ে ফিরে ফিরে আসে। বিশেষ করে নগরজীবনে পরিবার বলতে সবকিছু ছকে বাঁধা। নগরজীবনের শৈশব, কৈশোর, তারুণ্য, যৌবন তথা জীবনের প্রতিটি ছত্রে জেগে আছে নড়বড়ে প্রহরের ছত্রখান গল্প। যে গল্পের শুরু আর শেষার্ধেও নেই উজ্জীবনের প্রাণোচ্ছলতা। জীবনবোধের ভেতরেই যেন থমকে গেছে মন। অথচ একটা সময় ছিল যখন পরিবারের সবাই মিলে এক বাড়িতে থাকা, এক হাঁড়িতে রান্না আর এক বৈঠকে খাওয়া পর্ব হতো অপরিসীম আনন্দ ভাগ করে। সেটা কবে? তিন দশক, চার দশক কিংবা পাঁচ দশক আগের কথা। তখন বাড়ির কর্তার আদেশ-নির্দেশে ভরপুর থাকত ভালবাসার টান, অনুশাসনের রাঙ্গা চোখ, মায়ের বকুনি, মুরুব্বিদের খবরদারি। এখন সেখানে পড়ে আছে পাখির ছিন্ন পালকের করুণ বিবর্ণ ছন্দ। যে ছন্দে নেই গতিশীলতা। সবাইকে নিয়ে আষ্টেপৃষ্ঠে বেঁধে বাঙালী যেন ভুলতেই বসেছে একান্নবর্তী পরিবারের জাদুময় সেই সব দিনের কথা। শহুরে নতুন প্রজন্ম প্রকৃতির সংস্পর্শ থেকে আজ বঞ্চিত। একই ভাবে পারিবারিক বন্ধনের রূপটাও কখনও তেমনভাবে তারা প্রত্যক্ষ , উপভোগ করার সুযোগ পায়নি। সমকালীন সাহিত্য, চলচ্চিত্র, গল্প, নাটক, শিল্পকর্মেও যেন একান্নবর্তী পরিবারের ছবিটা আগের মতো আর উজ্জ্বল বৈভবে ফুটে উঠছে না। ডিজিটাল সময় যেন সবকিছুকেই ডিজিটালাইজড করে দিচ্ছে ক্রমাগত। পরিবার, সম্পর্ক, হৃদ্যতা চলে এসেছে হাতের মুঠোয়। মোবাইল ফোনের নীল মনিটরে। বাটন চাপলেই ভেসে উঠছে প্রিয় কারও নাম। যে নামটি ছিল একদিন একে অন্যের মধ্যে জড়িয়ে। তা যেন আজ এক পঙ্ক্তি কথোকথনের মধ্যেই হয়ে গেছে সীমাবদ্ধ। পরিবারকেন্দ্রিক যে সংস্কৃতি-ঐতিহ্যের ঝর্ণায় ছিল বাঙালী সিক্ত, সেখানে জমেছে যেন বিচ্ছিন্নতার গল্পহীন ধুলোর আস্তরণ। আবেগের পলেস্তরাগুলো ক্রমশ উঠে যেতে বসেছে। পড়ে আছে চুনকামহীন একান্নবর্তী পরিবারের সেই মর্মছোয়া বিমর্ষ অনুভূতি। নাগরিক জীবনে বহুকাল ধরে জীবন এখন একচিলতে বারান্দা, একরত্তি জানালা আর মুক্ত আকাশবিহীন আচ্ছাদনের ঘেরাটোপে আবৃত হয়ে আছে। পারিবারিক সম্পর্কের স্বপ্ন এখানে ধুলো জমা, তবুও জীবন তো চলমান। বিলুপ্তপ্রায় আজ একান্নবর্তী পরিবারের চালচিত্র। বিচ্ছিন্ন আজ শৈশব-কৈশোরের দুরন্তপনা। তারুণ্য-যৌবনের উচ্ছ্বাস আজ যেন কুয়াশা মোড়ানো কান্নার আওয়াজ আর হাহাকার ভরা এক বিস্তৃত অরণ্যের ভারি দীর্ঘশ্বাসে গেছে ভিজে! মায়ের আদর, বাবা, কাকা, জ্যাঠার স্নেহ; জেঠিমা, চাচি আম্মার অফুরন্ত স্নেহলতার স্পর্শ কি আজ আর আছে আগের মতো? বাড়ির সব ভাইবোন মিলে সেই উৎসবমুখর ভালবাসাময় প্রহর যেন থমকে আছে গোধূলির রঙে। মফস্বল কিংবা গ্রামে আজও এক-আধটু যৌথ পরিবারের চিত্র চোখে ভাসলেও যেন তাতেও লেগেছে ভাঙন। যেন ভেঙ্গে চৌচির হয়ে পড়েছে দাদাজীর ভাঙ্গা ফ্রেমওয়ালা চশমার ঘোলা কাঁচ। একান্নবর্তী পরিবারের অকৃত্রিম সুখানুভূতিগুলো বিলীন হতে হতে আজ একখন্ড মেঘের টুকরার মতো ভেসে আছে বিষন্ন হয়ে স্মৃতির আকাশে। আর তাই হয়ত এমন সময় নিকট দূরে অপেক্ষমাণ, যখন নতুন প্রজন্ম একান্নবর্তী পরিবারের বাস্তবিক রূপটাই যাবে ভুলে। যেভাবে এই প্রজন্ম একে একে ইন্টারনেট, মোবাইল ও সোস্যাল মিডিয়ার কারণে আজ টেলিগ্রাফ, ট্রাঙ্কল, পোষ্ট অফিস প্রভৃতি জীবনঘনিষ্ঠ প্রতিপাদ্য বিষয় থেকে একেবারেই দূরে সরে এসেছে; একই ভাবে তারা একান্নবর্তী পরিবারের নিগূঢ় আত্মাঘনবোধ থেকেও ক্রমশ যোজন যোজন দূরত্বে এসে দাঁড়াবে। সময়ের তাগিদে নাগরিক জীবন থেকে মুছে যাবে একান্নবর্তী পরিবারের আবেদনটুকু। শুধু পড়ে থাকবে টুটাফাটা অন্তরের টান।

> একান্নবর্তী তথা যৌথ পরিবার না থাকায় আজকের শিশুরা পারিবারিক শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। শিশুরা তাদের দাদা-দাদি ও পরিবারের অন্যান্য সদস্যদের সহচর পাচ্ছে না, যাদের কাছ থেকে তারা নৈতিকতা, আর্দশ ও মূল্যবোধ শিখবে। ফলে তাদের মধ্যে নৈতিকতা মূল্যবোধের অভাব দেখা দিচ্ছে, যা সমাজ ও রাষ্ট্রের জন্য কল্যাণকর নয়।

একান্নবর্তী তথা যৌথ পরিবার এখন গল্পের মতো। যে গল্পের বটবৃক্ষ ছিলেন দাদা। দাদা ছিলেন কর্তা। তিনি পরিবারকে আগলে রাখতেন। যে গল্পে একসঙ্গে বসবাস করত দাদা-দাদি, নাতি-নাতনি, চাচা-চাচি, ভাইবোন, মা-বাবা তথা পরিবারের সবাই। আর দাদা-দাদি ছিলেন নাতি-নাতনিদের গল্পকথক। দাদি ছিলেন পরিবারের কর্ত্রী, যিনি পুত্রবধূদের পরিচালনা, রান্নাবান্না কাজের দায়িত্ব পালন করতেন। নাতি-নাতনিরা দাদির কাছেই লালিত-পালিত হতো। গল্পের প্রত্যেকটা চরিত্রের মধ্যে ছিল এক ভালোবাসার বন্ধন। বিপদে আপদে সবাই সবাইকে সাহায্য করত নির্দ্বিধায়। পরিবারের ছোট সদস্যরা বড়দের কাছ থেকে নীতি-নৈতিকতা, মূল্যবোধের জ্ঞান অর্জন করত। ফলে শিশুদের সহজেই মানসিক বিকাশ ঘটত। গল্পের প্রত্যেকটা চরিত্র একে অন্যের কাছ থেকে নৈতিকতা ও মূল্যবোধের শিক্ষা গ্রহণ করত, যা তাদের পরবর্তী জীবনের পাথেয় ছিল, যা বর্তমানে নিছক রূপকথার কাহিনি।

প্রাতিষ্ঠানিক শিক্ষা দিয়ে মানুষ তার নাম সুনাম অর্জন ও কর্মক্ষেত্র গোছাতে পারে কিন্তু একজন মানুষ নৈতিকতা, মূল্যবোধ, আদব-কায়দা রপ্ত করে মূলত তার পরিবার থেকে। একজন শিশুর শিক্ষার ভিত গড়ে উঠে পরিবার থেকে। আদর্শ পরিবারের সন্তান আদর্শবান হবে। শিশু যখন তার হাত-পা নাড়াতে শুরু করে, তখন থেকেই সে পরিবারের অন্য সদস্যদের কাছ থেকে শেখা শুরু করে। তাই একজন আদর্শ মানুষ হিসেবে শিশুকে গড়ে তোলার জন্য পিতা-মাতা এবং পরিবারের অন্য সদস্যরাই মূলত অগ্রণী ভূমিকা পালন করে থাকে।

অথচ বর্তমান পরিবারগুলো ছেঁড়া কাগজের মতো কুচি হয়ে গেছে। নিজ স্বার্থে যৌথ পরিবারগুলো ভেঙে যাচ্ছে। একান্নবর্তী পরিবারের দাদা-দাদি এখন পরিবারে মেহমানের মতো, চাচা-চাচিকে অনেকে চেনেই না, বেশির ভাগ পরিবারে দেখা যায় পিতা-মাতা দুজনই কর্মজীবী, যাতে করে সন্তানকে সময় দেওয়া হয় না পিতা-মাতারও। ফলে শিশুরা তাদের সময় কাটায় মোবাইল গেমিং আর আকাশসংস্কৃতির দুনিয়ায়। যার কারণে শিশুর আর পারিবারিক শিক্ষা গ্রহণ করা হয় না এবং শিশুর মানসিক বিকাশ ঘটে না। কিন্তু বর্তমান বস্তুবাদী দুনিয়ায় পরিবারগুলোর সন্তান আর পরিবারের মধ্যে থাকে দূরত্ব, ফলে সন্তানরা তাদের পিতা-মাতার সঙ্গে কোনো বিষয় ভাগাভাগি করতে পারে না, যাতে করে শিশুদের মধ্যে একধরনের হতাশা কাজ করে।

একান্নবর্তী তথা যৌথ পরিবার না থাকায় আজকের শিশুরা পারিবারিক শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। শিশুরা তাদের দাদা-দাদি ও পরিবারের অন্যান্য সদস্যদের সহচর পাচ্ছে না, যাদের কাছ থেকে তারা নৈতিকতা, আর্দশ ও মূল্যবোধ শিখবে। ফলে তাদের মধ্যে নৈতিকতা মূল্যবোধের অভাব দেখা দিচ্ছে, যা সমাজ ও রাষ্ট্রের জন্য কল্যাণকর নয়।

শিক্ষায় যে ঘাটতিটা রয়ে গেছে সে কারণে সন্তানের বিবেকবোধ জাগ্রত হচ্ছে না। তথাকথিত এ শিক্ষিত সমাজের বোধোদয় হোক। মা-বাবা আমাদের মাথার ওপর অনেক বড় ছাঁয়া। বটবৃক্ষ যেমন ডালপালা দিয়ে ছাঁয়া দিয়ে রোদ তাপ থেকে বাঁচায় আবার শিকড় দিয়ে আটকে রাখেন মাটির সঙ্গে যাতে কোনো ঝড় সহজে ভাঙতে না পারে, তেমনি বয়স্ক মানুষগুলো আগলে রাখেন পরিবারের সবাইকে। নিজের হাতে সে ছাঁয়া সরিয়ে দেওয়া নিতান্তই বোকামি। মনে রাখতে হবে আপনিও বাবা, আপনিও মা। বৃদ্ধ আপনারাও হবেন একদিন।

প্রকৃতপক্ষে একান্নবর্তী বা যৌথ পরিবার হলো একটি শক্তিপুঞ্জ, যা যাপিত জীবনের বহুবিধ প্রতিকূলতাকে সহজেই জয় করে পরিবারের সব সদস্যকে সম্মিলিত আনন্দের জোয়ারে ভাসিয়ে দিতে পারে।

বিশ্ব অর্থনীতির প্রচলিত ধারনা ভাঙছে

সেলিম খান

আইএমএফ বা আন্তর্জাতিক মুদ্রা তহবিল তাদের ঋণ কর্মসূচির আওতায় বাংলাদেশকে ১১৫ কোটি ডলার ঋণ দিতে সম্মত হয়েছে। ওয়াশিংটনভিত্তিক এই আন্তর্জাতিক ঋণদাতা প্রতিষ্ঠানের নির্বাহী বোর্ডের সভায় বিষয়টি অনুমোদন পেলেই তবে ঋণ পাবে বাংলাদেশ। অর্থাৎ, সদস্য দেশগুলো চাইলেই হবে না। তাকে যেমন আইএমএফের কঠোর শর্ত মানতে হবে, তেমনি প্রতিষ্ঠানটির বোর্ড সভায় চুলচেরা বিশ্লেষণ করে দেখা হবে পশ্চিমাদের অর্থনৈতিক ও রাজনৈতিক আধিপত্য এর মাধ্যমে কতটা পাকা হচ্ছে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর থেকে বিষয়টি এভাবেই চলছে। আর গলদটাও সেখানে। আসলে কি আন্তর্জাতিক প্রতিষ্ঠান হিসেবে আইএমএফ ভালো আছে? নাকি পশ্চিমাদের স্বার্থ রক্ষা করতে করতে সদস্য দেশগুলোর কাছে সংস্থাটি বীতশ্রদ্ধ হয়ে পড়েছে? লন্ডনভিত্তিক বহুল সমাদৃত আন্তর্জাতিক অর্থনৈতিক-বিষয়ক সাময়িকী দ্য ইকোনমিস্ট তাদের সম্পাদকীয়তে লিখছে, আইএমএম আত্মপরিচয়ের সংকটে ভুগছে। তাও জন্মের ৮০ বছর পর।

১৯৪৪ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে আমেরিকার নিউ হ্যাম্পশায়ারের ক্যারোল শহরের ব্রেটন উডস এলাকায় মাউন্ট ওয়াশিংটন হোটেলে জন্ম হয়েছিল আইএমএফের। ওই বৈঠকে ৪৪টি সহযোগী দেশের ৭৩০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। তালিকায় জার্মানি ও জাপান ছিল, যারা কিনা যুদ্ধে শত্রুপক্ষ হিসেবে ইউরোপ-আমেরিকা ও তাদের মিত্রদের সাথে সে সময় ভয়াবহ লড়াইয়ে লিপ্ত ছিল।

এই বৈঠকে শুধু আইএমএফের জন্ম হয়নি। পাশাপাশি বিশ্বব্যাংক ও বিশ্ব বাণিজ্য সংস্থা বা ডব্লিউটিওর মতো সংগঠন গড়ে উঠেছিল। কিন্তু দেখুন, বিশ্বব্যাংক পুরোপুরি আমেরিকার কবজায়। ডব্লিউটিও আমেরিকানদের অবহেলার কারণে অথর্ব হয়ে পড়েছে। আগামী বছর সংস্থাটি ৩০-এ পা দেবে। এর মোদ্দা কারণ, সোভিয়েত ইউনিয়নের পতনের পর আমেরিকা যে লিবারেল বা উদার বৈশ্বিক অর্থনীতির স্বপ্ন সারা দুনিয়াকে দেখিয়েছিল, এসব সংগঠন ছিল তার রূপকার। সেই আমেরিকা এখন চীনের সস্তা পণ্যের কাছে ঘা খেয়ে আবার ন্যাশনালিস্টিক বা জাতীয়তাবাদী অর্থনীতির দিকে ঝুঁকছে। একটু খেয়াল করলে দেখবেন, এ ব্যাপারে বাইডেন বা ট্রাম্পের মধ্যে কোনো পার্থক্য নেই। যে সরবরাহ চেইন গত ৩০ বছর ধরে গড়ে উঠেছে তার আর প্রয়োজন নেই ওয়াশিংটনের কর্তাদের। ফলে এর সাথে জড়িত প্রতিষ্ঠানগুলোও প্রাসঙ্গিকতা হারিয়েছে।

ইকোনমিস্টের প্রশ্ন, নতুন একটি বৈশ্বিক আর্থিক ধারা তৈরি না করে আমেরিকানরা এসব করছে কেন? শুধু আইএমএফ, বিশ্বব্যাংক, ডব্লিউটিও নয়। জাতিসংঘ ও এর অঙ্গ প্রতিষ্ঠানগুলোকেও একেবারে খেলো করে ফেলছে তারা। কিছুদিন আগে মার্কিন সিনেটের রিপাবলিকান দলের নেতা মিচ ম্যাকওনেল চিঠি দিয়ে ইন্টারন্যাশনাল কোর্ট অব জাস্টিসকে হুমকি দিয়েছেন যে, কোনো ইসরায়েলি নেতার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি হলে তাদের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করা হবে। কী বিস্ময়কর ব্যাপার! গাজায় সাত মাসে যাদের হামলায় ৩৫ হাজার মানুষ খুন হলো তাদের বিরুদ্ধে এই আন্তর্জাতিক আদালত কিছু করতে পারবে না? হ্যাঁ, পারবে; ততটুকুই, যতটা মার্কিনিরা চাইবে। যেমনটা তাদের ইচ্ছায়, একই আদালতের গ্রেপ্তারি পরোয়ানা মাথায় নিয়ে ঘুরছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন।

এর আগে জাতিসংঘের নিরাপত্তার পরিষদ ও সাধারণ সভায় ইসরায়েলের বিরুদ্ধে প্রস্তাব পাস হলেও আমেরিকা, যুক্তরাজ্য ও ফ্রান্সের কারণে তা কখনো আশা জাগাতে পারেনি বিশ্ববাসীর মনে। অথচ গণবিধ্বংসী অস্ত্র আছে– এই মিথ্যা অভিযোগ এনে নিরাপত্তা পরিষদে প্রস্তাব পাস করিয়ে ইরাকের মতো একটা সমৃদ্ধ দেশ শুধু ধ্বংসই করা হয়নি, দশ লাখের বেশি মানুষকে হত্যা করা হয়েছে। ফলে এসব প্রতিষ্ঠান এখন বিশ্বের সচেতন মানুষের কাছে অগ্রহণযোগ্য ও অপ্রাসঙ্গিক। পশ্চিমা পুঁজির ধামাধারী ইকোনমিস্ট পর্যন্ত লিখতে বাধ্য হয়েছে, 'এটা সত্য যে, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যে পদ্ধতি চালু করা হয়েছে তা আদপে হুবহু আমেরিকার আন্তর্জাতিক নীতিমালা ও কৌশলগত স্বার্থের অনুকূলে।'

> নতুন অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলার বিষয়টি একদিকে যেমন সুযোগ, তেমনি অন্যদিকে চ্যালেঞ্জও বটে। একদিকে, প্রযুক্তিগত উদ্ভাবন অব্যাহত রাখা, উৎপাদনশীলতা বাড়ানো এবং জীবনযাত্রার মান উন্নত করার কাজ চালিয়ে যেতে হবে। অন্যদিকে ভবিষ্যতের কাজের জন্য প্রয়োজনীয় দক্ষতায় সমৃদ্ধ কর্মীবাহিনীকে গড়ে তুলতে শিক্ষা ও প্রশিক্ষণে উল্লেখযোগ্য বিনিয়োগের প্রয়োজন।

তবে ডলার যতই তেজিভাব ধরে রাখুক, আমেরিকা যে ক্রমে দুর্বল হচ্ছে, তা কেউই অস্বীকার করে না। এখানেই খেলাটা। পুরো বিষয়টি আর ওয়াশিংটনের হতে নেই। এমনকি রাশিয়া বা চীনের সাথে সংঘাতে জড়িয়ে তারা আর আগের অবস্থায় ফিরে যেতে পারবে না। সাম্প্রতিক বছরগুলোতে, সারা বিশ্বই গভীরভাবে একটি পরিবর্তন দেখছে। আর সেটা হলো নতুন অর্থনৈতিক ব্যবস্থার উত্থানের ইঙ্গিত। এই রূপান্তর প্রক্রিয়ার সাথে জড়িয়ে আছে প্রযুক্তিগত অগ্রগতি, ভূ-রাজনৈতিক পরিবর্তন এবং ক্রমপরিবর্তনশীল সামাজিক মূল্যবোধ। প্রথাগত অর্থনৈতিক কাঠামোগুলো আর কাজে আসছে না। কারণ, তারা এই পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে পারছে না। পারছেন না এই অর্থনীতির পরিচলনাকারী ব্যক্তিরাও।

এই নতুন অর্থনৈতিক ব্যবস্থার কেন্দ্রবিন্দুতে রয়েছে প্রযুক্তির দ্রুত অগ্রগতি। ডিজিটাল বিপ্লব, ইন্টারনেটের অকল্পনীয় বিস্তার, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) এবং অটোমেশন শিল্প ও শ্রমের বাজারকে নতুন আকার দিচ্ছে। এআই এবং মেশিন লার্নিং (এমএল) জটিল কাজগুলোকে শুধু সহজ করছে না, দক্ষতাকে অন্য পর্যায়ে নিয়ে যাচ্ছে। এতে কাজের বাজার ছোট হয়ে আসার আশঙ্কা তৈরি হচ্ছে। কিন্তু এটাই বাস্তবতা। এর সাথে খাপ খাওয়াতে হবে আগামীকে।

গিগ অর্থনীতির উত্থান, উবার, আপওয়ার্ক এবং এয়ারবিএনবি-এর মতো প্ল্যাটফর্মগুলো কাজকে আরও নমনীয় ও সহজতর করেছে। প্রচলিত কাজের ধারার সামনে চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে। (গিগ বা জিআইজি বলতে বোঝানো হয় গড ইজ গুড।) তদুপরি, ব্লকচেইন প্রযুক্তি এবং ক্রিপ্টোকারেন্সিগুলো প্রথাগত আর্থিক ব্যবস্থাকে চ্যালেঞ্জ করছে। ডিজিটাল মুদ্রা আরও বেশি গ্রহণযোগ্য হয়ে উঠলে সব দেশকেই আর্থিক নীতি এবং আন্তর্জাতিক বাণিজ্য ব্যবস্থাকে নতুন করে ঢেলে সাজাতে হবে।

নতুন অর্থনৈতিক ব্যবস্থার উত্থানে ভূ-রাজনৈতিক গতিপ্রকৃতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এর মধ্যে বৈশ্বিক অর্থনৈতিক শক্তি হিসেবে চীনের উত্থান সবচেয়ে উল্লেখযোগ্য পরিবর্তন। চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ (বিআরআই) এশিয়া, আফ্রিকা এবং ইউরোপজুড়ে অবকাঠামো বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রভাব সম্প্রসারিত করার কৌশলের উদাহরণ একেবারে অনন্য। এসব উদ্যোগই চীনকে নতুন ব্যবস্থায় একটি কেন্দ্রীয় খেলোয়াড় হিসেবে স্থান করে দিচ্ছে। একই সাথে, আমেরিকা তার বৈশ্বিক অর্থনৈতিক কৌশল নতুন করে লিখতে চাইছে, যা অনেকটা জাতীয়তাবাদী ধাঁচের। ইউরোপ, বিশেষ করে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) কী করবে, তা নিয়ে দোটানায় আছে। তারা আমেরিকাকেও ছাড়তে পারে না। আবার চীন-রাশিয়াকে ধরবে, সে সাহসও নেই। ফলে পশ্চিমা জগতে এক অদ্ভুত পরিস্থিতি বিরাজমান।

ক্রমবর্ধমান সামাজিক মূল্যবোধও নতুন অর্থনৈতিক ব্যবস্থাকে চালিত করছে। টেকসই উন্নয়ন এবং করপোরেট জগতের সামাজিক দায়বদ্ধতার বিষয়টি বাড়ছে। ভোক্তা ও বিনিয়োগকারীরা তাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পরিবেশগত, সামাজিক এবং সুশাসনের মানদণ্ডকে বেশি করে অগ্রাধিকার দিচ্ছে। এই পরিবর্তন কোম্পানিগুলোকে আরও টেকসই নৈতিক অনুশীলনে বাধ্য করছে। এর পেছনে করোনা অতিমারির একটা বড় ভূমিকা আছে। সে সময় বেশ কিছু প্রতিষ্ঠানের অসংবেদনশীল রূপ তাদের কর্মীরা প্রত্যক্ষ করেছে, যা একেবারেই গ্রহণযোগ্য ছিল না। ফলে সংবেদনশীল ও ইতিবাচক অনেক মূল্যবোধ অর্থনীতির নতুন ধারাকে পূর্ণাঙ্গ রূপ দিতে প্রভাবিত করবে।

নতুন অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলার বিষয়টি একদিকে যেমন সুযোগ, তেমনি অন্যদিকে চ্যালেঞ্জও বটে। একদিকে, প্রযুক্তিগত উদ্ভাবন অব্যাহত রাখা, উৎপাদনশীলতা বাড়ানো এবং জীবনযাত্রার মান উন্নত করার কাজ চালিয়ে যেতে হবে। অন্যদিকে ভবিষ্যতের কাজের জন্য প্রয়োজনীয় দক্ষতায় সমৃদ্ধ কর্মীবাহিনীকে গড়ে তুলতে শিক্ষা ও প্রশিক্ষণে উল্লেখযোগ্য বিনিয়োগের প্রয়োজন। ভূ-রাজনৈতিক পরিবর্তন বৈশ্বিক অর্থনীতিতে প্রতিযোগিতা এবং বিভক্তি বাড়াতে পারে। হতে পারে নতুন জোট এবং অংশীদারত্বের সুযোগ। যেসব দেশ এই পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে পারবে এবং সংশ্লিষ্ট শক্তিগুলোকে যথাযথভাবে কাজে লাগাতে পারবে, তারাই নতুন বৈশ্বিক অর্থনৈতিক মানচিত্রে ভালো অবস্থানে থাকবে।

সেজন্য একটাই প্রশ্ন, আমরা কি প্রস্তুত?

লেখক: নির্বাহী সম্পাদক, ডিজিটাল মিডিয়া, ইন্ডিপেনডেন্ট টেলিভিশন

স্মৃতির কোলাহলে আবদুল গাফ্ফার চৌধুরী

ইমরান ইমন



প্রখ্যাত সাংবাদিক, সাহিত্যিক ও কলামিস্ট আবদুল গাফ্ফার চৌধুরীর প্রয়াণ দিবস ছিল ১৯ মে। ২০২২ সালের এই দিনে তিনি পৃথিবীর মায়া ত্যাগ করেন।

তাঁকে নিয়ে আলোচনা আছে, সমালোচনা আছে– সব ছাপিয়ে তিনি একজন সৃজনশীল মানুষ। আমি তাঁর সৃজনশীলতাকে শ্রদ্ধা করি। তিনি নিরপেক্ষভাবে সমালোচনা করতে কাউকে ছাড় দিতেন না–এমনকি তিনি যে দলের আদর্শ লালন করতেন সেটিকেও। তাঁর সঙ্গে আমার লেখালেখির অনেক স্মৃতি রয়েছে, রয়েছে অনেক রাসায়নিক আলাপন।

একদিন পত্রিকার সম্পাদকীয় পাতায় দুইজন লেখকের লেখা ছাপা হয়েছে। ওপরের অংশে আবদুল গাফ্ফার চৌধুরীর কলাম এবং নিচের অংশে ইমরান ইমনের কলাম। সেদিন নিজ থেকেই তিনি আমাকে নক করলেন এবং আমার লেখার প্রশংসা করে বললেন, "ডিয়ার ইমরান ইমন, আই হ্যাভ র‍্যাড ইওর রাইট-আপ দ্যাট ওয়াজ পাবলিশড উইথ মাই রাইট-আপ। এক্সসিলেন্ট রাইট-আপ! ওয়েল থট অ্যান্ড কোয়াইট ম্যাচিওর রাইট-আপ। বেস্ট উইশ্যায!"

আবদুল গাফ্ফার চৌধুরীর মতো মানুষের বার্তা পেয়ে এবং আমার মতো একজন সামান্য লেখকের লেখার প্রশংসা শুনে আমি অভিভূত হয়েছিলাম সেদিন। সেদিন থেকে গাফ্ফার চৌধুরীর সঙ্গে আমার অন্তরঙ্গতা শুরু। সুদূর প্রবাসে থেকেও ঘন্টার পর ঘন্টা তিনি আমার সঙ্গে আলাপ করে যেতেন। চলতো আমাদের চিন্তা ভাগাভাগি।

দেশে মুক্তচিন্তার দুর্দশা নিয়ে আমরা আক্ষেপ করতাম, দেশে বিদ্যমান সমস্যা ও সংকটের আশু সমাধান নিয়ে আমরা আলাপ করতাম, বলতাম সম্ভাবনার কথা–একদিন ঠিকই আলোর দেখা মিলবে। আমরা পরস্পরের লেখা নিয়ে আলোচনা করতাম–এ পয়েন্ট আরও জোরালোভাবে লেখা যেত। এ পয়েন্ট এমন হতে পারতো–আরও কত কী...

বয়সে অনেক বড়ো হওয়ায় আমি তাঁকে ডাকতাম দাদা, আর তিনি আমাকে ডাকতেন নাতি। বহুদিন তাঁর মতো একজন বরেণ্য লেখকের পাশে আমার মতো একজন সামান্য লেখকের লেখাও ছাপা হয়েছে পত্রিকায় পাতায়। সেসব এখন সবই স্মৃতি। তিনি বলতেন, "ইমন– আমি তোমার লেখার নিবিড় পাঠক ও পর্যবেক্ষক। তুমি এদেশের অনেককেই ছাড়িয়ে যেতে পারবে খুব অল্প সময়েই, অল্প বয়সেই–সেটা সম্ভব শুধু তোমার চিন্তার বিচক্ষণতার জন্য। মনে রাখবে, একজন প্রতিশ্রুতিশীল লেখকের কখনও মৃত্যু হয় না। তোমার মধ্যে সে প্রতিশ্রুতিশীল লেখকের গুণটি আমি দেখছি। তোমার জন্য আমার অনুরাগ, ভালোবাসা ও শুভকামনা।" চিন্তার পরিপক্কতা আমাদের বয়সের ব্যবধান গুছিয়ে দিয়েছে।

একাত্তরে স্বাধীনতা যুদ্ধের সময় তিনি 'জয় বাংলা', 'যুগান্তর' ও 'আনন্দবাজার' পত্রিকায় কাজ করেছিলেন। দেশের স্বাধীনতার পক্ষে বিশ্বজনমত গড়তে তিনি কাজ করেছিলেন। বায়ান্নর ভাষা আন্দোলনের পর তাঁর লেখা 'আমার ভাইয়ের রক্তে রাঙানো' গানটি তাঁকে খ্যাতি এনে দেয়। প্রথমে তিনি নিজেই গানটিতে সুর করেছিলেন। পরে শহীদ আলতাফ মাহমুদ এ গানে সুরারোপ করেন এবং এ সুরেই এখন গানটি গাওয়া হয়। বিবিসি বাংলা বিভাগের দর্শকদের জরিপে এই গান বাংলা গানের ইতিহাসে তৃতীয় সেরা গানের মর্যাদা পেয়েছে। জীবদ্দশায় তিনি ৩৫টি বই লিখেছেন। সাহিত্য-সাংবাদিকতায় অবদানের স্বীকৃতিস্বরূপ আবদুল গাফফার চৌধুরী পেয়েছেন বাংলা একাডেমি পুরস্কার (১৯৬৭), একুশে পদক, ইউনেস্কো সাহিত্য পুরস্কার এবং স্বাধীনতা পদক (২০০৯)।

কলাম লেখাকে তিনি এদেশে পুরোপুরি পেশাগত মর্যাদায় নিয়ে গেছেন। স্বয়ং এবিএম মূসা তাঁর আত্মজীবনী গ্রন্থে আবদুল গাফ্ফার চৌধুরীকে "জাঁদরেল কলামিস্ট" হিসেবে অভিহিত করেছেন এবং তাঁর গ্রন্থ "মুজিব ভাই"-এর ভূমিকা তাঁকে দিয়ে লিখিয়েছেন। তুরস্কের কবি নাজিম হিকমত বলেছিলেন, বিংশ শতাব্দিতে মানুষের শোকের আয়ু বড়জোর একবছর। কিন্তু গাফ্ফার চৌধুরী একটা গীতিকবিতা লেখার পরে আর না লিখলেও তাঁর আয়ু বাংলা ও বাঙালির সমান।

সম্পাদকীয় পাতায় আবদুল গাফ্ফার চৌধুরীকে মিস করব ভীষণভাবে। আমি হয়তো এখন লিখে যাবো, কিন্তু তিনি আর কলম চালাতে পারবেন না। কিন্তু তিনি বেঁচে থাকবেন তাঁর সৃষ্টির মাঝে–যেভাবে তিনি আমাকে বলে গিয়েছেন–একজন প্রতিশ্রুতিশীল লেখকের কখনও মৃত্যু হয় না। জাগতিক নিয়মে তাঁর শরীরের প্রস্থান ঘটলেও তিনি আমাদের মাঝে বেঁচে থাকবেন তাঁর লেখনীর মাধ্যমে। ওপারে নিশ্চয়ই ভালো থাকবেন। প্রয়াণ দিবসে জানাই শ্রদ্ধার্ঘ্য।

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিক্ষার জন্য

917-282-9256

(To schedule appointment only)

বিনামূল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নি মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ইন্ডিয়ানাতে
আমাদের সহযোগী – লাইসেন্সড এন্ড এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

Timothy Bompart, Esq
Attorney at Law

- পার্টনার স্পন্সরশিপ
- ইনভেস্টর এ স্পন্সরশিপ,
- কনসেপ্যুয়াল প্রাক্টিসের স্পন্সরশিপ
- ফ্রিলান্স ওয়ার্ক স্পন্সর
- বিজনেস ভিসাতে স্পন্সর

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে স্পন্সরশিপ
- ফ্রিলান্স ওয়ার্ক স্পন্সর
- হাসপাতালে ফুল চিকিৎসা
- লেবর পারজানিং

ইমিগ্রেশন
- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজাস্টমেন্ট অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION
- স্টুডেন্ট ভিসা
- ইনভেস্টর ভিসা
- ফিয়ানসে ভিসা
- ফ্যামিলি ভিসা
- ডিপোর্টেশন ডিফেন্স
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- ফরম ইমার্স ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি মাত্র ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076
Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিক্যাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

H1B | L1A VISA
EB5 | E2 VISA
POLITICAL ASYLUM

হটলাইন : +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

FRANCHISE BROKER ACADEMY
Member

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm
37-16, 73rd Street, Suite #402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captorusa@gmail.com, iftekhar.cmh@gmail.com
New address 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372

নিষেধাজ্ঞা নিয়ে যা বললেন দুই মন্ত্রী ও জে. আজিজ

যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা

ঢাকা ডেস্ক

অনিয়ম-দুর্নীতিতে সম্পৃক্ততার অভিযোগে বাংলাদেশের সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদ ও তার পরিবারের সদস্যদের ওপর মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষেধাজ্ঞা দিয়েছে দেশটির পররাষ্ট্র দপ্তর।

২০ মে সোমবার দিনগত রাতে মার্কিন পররাষ্ট্র দপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। তবে আজিজ আহমেদ দাবি করেছেন, শাস্তি পাওয়ার মতো কোনো কাজ তিনি করেননি। তার বিরুদ্ধে যে অভিযোগের কথা বলা হচ্ছে তা অসত্য এবং সঠিক নয়। মার্কিন নিষেধাজ্ঞা সম্পূর্ণভাবে তার জন্য প্রযোজ্য নয় বলেও মনে করেন তিনি। তিনি বলেন, শাস্তি পাওয়ার মতো কোনো অপরাধ করিনি। আমি মনে করি এটি (মার্কিন নিষেধাজ্ঞা) সম্পূর্ণভাবে আমার জন্য প্রযোজ্য নয়।

সেনাপ্রধান হিসেবে এবং বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালনকালে ভাই বা আত্মীয়দের কন্ট্রাক্ট দিয়েছেন- কেউ সেটা প্রমাণ করতে পারলে যে কোনো কনসিকোয়েন্স বা পরিণতি মেনে নিতে প্রস্তুত বলে জানিয়েছেন জেনারেল (অব.) আজিজ আহমেদ।

পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, সাবেক সেনাপ্রধান জেনারেল (অব.) আজিজ আহমেদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র-ঘোষিত ভিসানীতির অধীনে নিষেধাজ্ঞা দেওয়া হয়নি। অন্য আইনের (অ্যাক্ট) অধীনে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। ২১ মে মঙ্গলবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) আয়োজিত 'মিট দ্য রিপোর্টার্স' অনুষ্ঠানে এসব কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। ড. হাছান মাহমুদ বলেন, সাবেক সেনাপ্রধানের ওপর নিষেধাজ্ঞার বিষয়টি জনসমক্ষে আনার আগে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসকে জানিয়েছিল যুক্তরাষ্ট্র।

আর স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, বিস্তারিত না জেনে তিনি কোনো মন্তব্য করতে চান না। তবে, তার ভাষায়, যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা 'নতুন কোনো বিষয় নয়'। দুর্নীতিতে জড়িত থাকার অভিযোগে অবসরপ্রাপ্ত জেনারেল আজিজ আহমেদের ওপর এই নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্র।

প্রবাসীদের সরকারের দেওয়া সুবিধার বিষয়ে প্রচারণার সুপারিশ

ঢাকা অফিস

প্রবাসীদের জন্য সরকার দেওয়া স্বল্পসুদে ঋণ ও অন্যান্য সুবিধাদি যেন তাঁরা সঠিকভাবে পায়— সে জন্য প্রচারণা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে অর্থ মন্ত্রণালয়কে সুপারিশ করেছে সংসদীয় কমিটি। আজ বৃহস্পতিবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। সংসদ সচিবালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এ ছাড়া আনুষ্ঠানিক চ্যানেলে রেমিট্যান্স প্রবাহ বাড়ানোর লক্ষ্যে অ-আর্থিক প্রণোদনার ব্যবস্থা করা যায় কি না, তা নিয়ে আলোচনা করে কমিটি। তবে এটি নিয়ে সিদ্ধান্ত হয়নি।

বৈঠকে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের দেওয়া প্রতিবেদনে বলা হয়, প্রবাস আয় বাড়ানোর জন্য রেমিট্যান্স প্রেরণকারীদের অ-আর্থিক সুবিধা দেওয়ার বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হচ্ছে।

এতে বলা হয়, রেমিট্যান্স আনয়নের ক্ষেত্রে সরকারের নীতি-সহায়তার ফলে প্রবাস আয়ের প্রবাহ বৃদ্ধি পাওয়ার বিষয়টি সরকারের গৃহীত এরূপ নীতি-সহায়তার কার্যকারিতার প্রমাণ।

নগ্ন ছবি চেয়েছে 'চেলসি' এরপরই ব্ল্যাকমেইল!

রহমান মাহবুব

তরুণদের নগ্ন ছবি পাঠাতে উদ্বুদ্ধ করা হয়। মেয়ে হওয়ার ভান করে প্রতারক চক্র কোন মেয়ের নগ্ন ছবি পাঠায় টার্গেট করা যুবকদের কাছে। যুবকও ছবি পাঠায়। এর পরই অর্থ দাবি করে। অন্যথায় সামাজিক মাধ্যমে বন্ধু ও প্রিয়জনদেরকে শেয়ার করে দেবে সেই ছবি, এই বলে ব্ল্যাকমেইল শুরু করে। এসবের পরিনতি ভিক্টিমদের জীবনে বিপর্যয় ডেকে আনে, অনেক ক্ষেত্রে হয় জীবন বিধ্বংসী।

৩২ বছরের যুবক ডেভিড। একজন ফার্মেসী টেকনিশিয়ান। অফিসে কাজ করছেন, দিনে দুপুরে তার ফোনের ইনস্টাগ্রামে টেক্সট এলো। চেলসি পাঠিয়েছে, "হাই, হাউ আর ইউ" জাতীয় টেক্সট। চেলসি নামের কাউকে চিনে না ডেভিড। কিন্তু তার প্রফাইলে ক্লিক করে একটু ইন্টারেস্টেড হলো। বাদামি চুল, মুখে সুন্দর প্রসন্ন হাসি। মেয়েটির নামের নিচে একটি উদৃতি বাইবেল থেকে। ডেভিডের কাছে বিষয়টি অদ্ভুত লেগেছে। কারণ মেয়েটি একজন অপরিচিত মানুষের সঙ্গে একটি কর্মদিনের দুপুরে চ্যাট করতে চাচ্ছে!

কিন্তু মেয়েটি ঠোঁট গোল করে সামনের দিকে বাড়িয়ে সেলফি তুলে ছেড়েছে। ৩২ বছরের টগবগে ডেভিড স্বাভাবিক কারণেই আকর্ষিত হয়ে পড়ে।

প্রথমে চ্যাট শুরু করতে ডেভিড ইতস্তত করলেও পরে যৌন উত্তেজক মেসেজ আর চ্যাটে পাঠানো চেলসির উত্তেজনপূর্ণ সব নগ্ন ছবি দেখে নিজেকে ঠিক রাখতে পারেনি সে। ডেভিড বলেছেন, যখন চেলসি নগ্ন ছবি পাঠানোর অনুরোধ করে আর দ্বিতীয় বার ভাবেননি তিনি। হাসপাতালের বাথরুমে ঢুকে ডেভিড তার একটি ছবি তুলেন এবং 'সেন্ড' বোতামে টিপা মেরে পাঠিয়ে দেন।

পর মুহূর্ত থেকে ব্ল্যাকমেইলিংয়ের শুরু হয়ে যায়। ডেভিডের ফোনের জ্বলে ওঠে, মেসেজ এসেছে। ডেভিডের চেহারাসহ নগ্ন ছবি। সাথে সাথে তার ইনস্টাগ্রাম একাউন্টের একটি স্ক্রিনসট! এতে ডেভিডের ফলোয়ারদের প্রফাইল ছবি ও নাম। অনেক নামের শেষ অংশে ডেভিডের সাথে সমান। অর্থাৎ প্রথম স্ক্রিনে যেসব ফলোয়ারদের ছবি। তার পরিবার স্বজন ও বন্ধু। ডেভিড বলেন, সাথে মেসেজে লেখা "আমাকে ৫০০ ডলার দিতে হবে, নহলে এদের প্রত্যেককে তোমার এই নগ্ন ছবি পাঠিয়ে দেবো"! এ প্রতিবেদনে ডেভিড তার পুরা নাম প্রকাশ না করার অনুরোধ জানিয়েছেন। যাতে তার গোপনীয়তা রক্ষা হয়। এর পর থেকেই চেলসি সময় বেঁধে দেয়। সে ডেভিড ব্ল্যাকমেইলের জন্য মেসেজ চালাচালি শুরু করে।

কিন্তু সেখানেতো কোন চেলসি নেই। ডেভিড বলেন, বাস্তবে চেলসি নামের ইনস্টাগ্রাম একাউন্টটির পিছনে রয়েছে একজন নাইজেরিয়ান পুরুষ। ভরা তিন দিনের চ্যাটের মধ্য এক পর্যায়ে অসাবধানতায় সেটা প্রকাশিত হয়ে পড়েছে। ডেভিড টাকা দিয়ে এই বিপর্যয় হতে নিস্তার পেয়েছেন। অনলাইনে এমন হাজারো ভিকিটিমের ভিড়ে যুক্ত হলেন ডেভিডও। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা এফবিআই এবং হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের বিশ্লেষণ অনুযায়ি তিন বছর থেকে এমন সাইবার প্রতারণা শুরু হয়েছে এবং সম্প্রতি এই অপরাধটি ব্যাপক হারে বেড়েছে।

আগে সাধারণত একাকি মেয়ে বা নারী পেয়ে অনলাইনে টার্গেট করতো প্রতারকরা। ফুসলিয়ে মেয়ের নগ্ন ছবি নিয়ে তার পর ঐ মেয়েকে বার বার সেক্স করতে বাধ্য করা হতো। উপরন্তু ঐ নগ্ন ছবি পর্ণোগ্রাফী হিসেবে বিক্রি করে দিত প্রকারকরা। এখন নতুন যে ট্রেন্ড শুরু হয়েছে, তাতে তরুণ ও যুবক পুরষদেরকে টার্গেট করা হচ্ছে। নারী সেজে এদেরকে অনেককে ফুসলাতে সমর্থ হয় প্রতারকরা। ছেলেদের নগ্ন এবং গোপনীয় ছবি সংগ্রহ করে। সাধারণত ব্লেকমেইল করে মাত্র কয়েকশ ডলারের জন্য। ছবিগুলো প্রচার করে দেবে হুমকী দিয়ে টাকা হাতিয়ে নেয়। আন্তর্জাতিকভাবে এক দেশ থেকে অন্য টাকা পাঠানারো জটিলতার সমাধান বের করে নিয়েছে এরা। ক্রিপ্টো কারেন্সি দিয়ে, গিফ্‌ট কার্ড ইত্যাদি দিয়ে অর্থ লেনদেন করে নেয় প্রতারকরা।

২০২১ সালের অক্টোবর থেকে শুরু করে মার্চ, ২০২৩ পর্যন্ত এফবিআই এর কাছে পৌছাছে আর্থিক যৌন ব্ল্যাকমেইলের ১৩ হাজার রিপোর্ট। যৌন প্রতারণা করে অর্থ ব্ল্যাকমেইল করার এই সিংহভাগ অপরাধ ছেলেদেরকে টার্গেট করে করা।

যদিও বিব্রতকর, অপমান ও লজ্জাজনক অধ্যায় থেকে নিস্কৃতি পেয়েছেন ডেভিড। প্রাপ্ত বয়স্ক হওয়ায় হয়তবা 'চেলসি'র সাথের বিষয়টির ৭৫০ ডলারে যদিও নিস্পত্তি হয়েছে তার। কিন্তু কম বয়সের তরুণদের জন্য এর পরিনতি ভয়াবহ হয়ে থাকে। এফবিআই এর প্রতাশিত রিপোর্ট অনুযায়ী ২০২১ সালের জানুয়ারী থেকে ২০২৩ এর জুলাই পর্যন্ত সময়ের ভিতরে অন্তত ২০ টিনেজার অপমানজনক ছবি প্রকাশিত হলে তাদের জীবন ধ্বংস হবে বলে আত্মহত্যার পথ বেছে নেয়।

মেরি রডী বলেছেন, "তারা অস্থায়ী বনাম চিরতরে" এ দুয়ের পার্থক্য বুঝেনা। মেরি ১৫ বছরের তরুণ রিলে বাসফোর্ডের মা। যে তরুণ ২০২১ সালে আত্মহত্যা করেছে। আত্মহত্যার কয়েক ঘন্টা আগে এক প্রতারক তার সমবয়সী মেয়ে সেজে তাকে ফেসবুক মাধ্যমে যোগাযোগ করে, চ্যাট শুরু করে। যখনই রিলে তার নিজের নগ্ন ছবি পাঠায়, তখন তার কাছে সাড়ে তিন হাজার দাবি করেছিল প্রতারক। ১৫ বছরের সেই গভীর উদ্বেগ, অপমানের ভয়ে, এবং এর থেকে বাচার কোন উপায়ান্তর না দেখে আত্ম হননের পথ বেছে নিয়েছিল।

চবি এলামনাই নব নির্বাচিতদের অভিষেক

উত্তর আমেরিকা শাখা

উত্তর আমেরিকা অফিস

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকা -এর নব নির্বাচিত কার্যকরী পরিষদ (২০২৪ - ২০২৫) এর অভিষেক অনুষ্ঠান। নব নির্বাচিত কমিটিতে সভাপতি হয়েছেন সাবিনা শারমিন নিহার এবং সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব নিয়েছেন মীর কাদের রাসেল ।

১৬ মে বৃহস্পতিবার নিউ ইর্য়কের কুইন্সের রীচি রীচ এর হলরুমে অনুষ্ঠিত এই আয়োজনে প্রানের টানে মনের মিলের সুদৃঢ় বন্ধনের রুপ দিতে নিউইয়র্কের বিভিন্ন প্রান্ত থেকে ছুটে আসা চবিয়ানরা গান, আনন্দ ফুর্তি ও আড্ডায় এক আনন্দঘন মিলনমেলা পরিনত করে।

আবদুল আজিজ নাঈমীর পরিচালনা অভিষেক অনুষ্ঠান পর্বটিতে -নব নির্বাচিত কার্যকরী পরিষদের সকলকে একে একে মঞ্চে আসার আহবান জানান এবং ফুল দিয়ে বরণ করে নেন। নব নির্বাচিত সভাপতি সাবিনা শারমিন নিহার উপদেষ্টা মন্ডলীর সবাইকে পরিচয় করিয়ে দেন এবং কার্যকরী কমিটির সদস্যরা তাঁদেরকে ফুল দিয়ে বরণ করেন।

সাবিনা শারমিন নিহার এবং আহসান জুয়েলের প্রাণবন্ত উপস্থাপনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন সাধারন সম্পাদক মীর কাদের রাসেল। অনুষ্ঠানের বিশেষ অতিথি নিউইয়র্কস্থ বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদাকে ফুল দিয়ে বরণ করেন আজিজ নাঈমী এবং গোলাম মোহাম্মদ মুহিত।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষন গীতিকার, সুরকার, সঙ্গীতশিল্পী কিংবদন্তি সোলস এর গায়ক নকীব খানকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান উনার ব্যাচের বন্ধুরা। বিশ্ববিদ্যালয় এলামনাইয়ের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান মাকসুদা বেগম, ফরিদা শিরীন খান এবং ফারহানা আক্তার।

বীর মুক্তিযোদ্ধা, গীতিকার, সুরকার, চিত্রশিল্পী, সঙ্গীতশিল্পী তাজুল ইমামকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাল এলামনাই পরিবারের সদস্য শিলা মুহিত এবং নাসিমা আক্তার, জান্নাতুল মুরশিদা।

নকীব খান তার পরিবেশনায় একে একে গেয়ে শোনান - মন শুধু মন ছুঁয়েছে, ভালো লাগে জোছনা রাতে, ঐ ঝিনুক ফোটা সাগর বেলায়, তোরে পুতুলের মত করে সাজিয়ে, খতদিন অইয়েদে বাড়িত ন যাইদ্দি, ও নদীরে তুই যাস কোথায় রে, তুমি এলে পায়ে পায়ে জোছনা ছুঁয়ে যায় -সহ অনেক জনপ্রিয় গান।

অনুষ্ঠানে তাজুল ইমাম এর গান সবাইকে বিমোহিত করে। আয়োজনে আরো সঙ্গীত পরিবেশন করেন অনুপ দাশ ও রুদ্রনীল দাশ রুপাই। আবৃত্তি ও ছড়া পরিবেশন করেন- সুরী এবং চট্টগ্রামের ছড়া পরিবেশন করেন পিংকি চৌধুরী।

অনুষ্ঠানে তবলায়- দেবু চৌধুরী, কীবোর্ডে- সাইফুল মিঠু, গিটারে- নাইস চৌধুরী এবং সাউন্ডে ছিলেন আরিফুজ্জামান আরিফ। ভিডিও ধারণ এবং ফটোগ্রাফারে ছিলেন ওয়াহিদুজ্জামান বকুল এবং মোকাররম আহমেদ।

বাংলাদেশি মালিকানাধীন নূর থাই সেরা হালাল রেস্টুরেন্টের পুরস্কার জিতেছে

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশি মালিকানাধীন জনপ্রিয় থাই ফিউশন 'নূর থাই' নিউইয়র্কে সেরা হালাল রেস্টুরেন্টের পুরস্কার জিতেছে। সম্প্রতি ভোক্তাদের মতামতের ভিত্তিতে কুইন্স চেম্বার অফ কমার্স পরিচালিত একটি প্রতিযোগিতায় নূর থাই প্রথম স্থান অর্জন করে। নূর থাই রেস্টুরেন্টের দুটি শাখা ইতিমধ্যে নিউইয়র্কের বাসিন্দাদের সুস্বাদু ও সেরা মানের হালাল খাবার পরিবেশন করে ব্যাপক সুনাম অর্জন করেছে।

কমিউনিটির শক্ত অবস্থান থাকলেও জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটিতে সংযুক্ত করা হয়নি কমিউনিটির গুরুত্বপূর্ণ ব্যক্তিদের। কতিপয় মানুষ দিনের পর দিন ঘুরেফিরে চালাচ্ছেন এ সংগঠন। সংগঠনটির দূর্বল গঠনতন্ত্র এবং কার্যক্রম পরিচালনায় এ গঠনতন্ত্রের ভিত্তি না থাকায় দায়িত্বশীলদের জবাবদিহিতা তেমন একটা নেই বললেই চলে। এমন পরিস্থিতিতে সংগঠনটিকে সাংবিধানিক কাঠামোয় প্রতিষ্ঠিত করে জবাবদিহীতার আওতায় আনার দাবি উঠেছে ।

জানা গেছে, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি প্রতিষ্ঠার পর প্রথম দুই বছর ট্যাক্স ফাইল করা হয়েছিল। বর্তমানে ট্যাক্স ফাইল ছাড়াই চলছে সংগঠনটি। এছাড়াও হালনাগাদ নেই সংগঠনটির করপোরেশনও। করোনাকালীন সময়ে সংগঠনটির কিছু মানবিক কার্যক্রম করেছে। সাম্প্রতিক সময়ে তেমন কোন উল্লেখযোগ্য কর্মসূচিও চোখে পড়েনি।অবশ্য কিছুদিন আগে এক বাংলাদেশীকে হত্যায় দোষীর শাস্তির দাবিতে একটি সভা করতে দেখা গেছে তাদের।

সংগঠনটির সাবেক সাধারণ সম্পাদক আল আমীন রাসেল বলেছেন, "জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির উদ্যোগে বিভিন্ন প্রকার সামাজিক সাংস্কৃতিক আয়োজন হতো। আমি দুই মেয়াদে সংগঠনের সাধারণ সম্পাদক ছিলাম। করোনাকালীন একবার পূর্ণ মেয়াদে ও আরেকবার ছয় মাস। এরপর আমি পদ থেকে পদত্যাগ করি। আমার সাথে বিভিন্ন বিষয়ে মতের অমিল ছিলো। বর্তমানে যেনতেনভাবেই চলছে সংগঠন। কোন হিসাব নিকাশ নেই। কোন ব্যাংকে একাউন্ট, কার কার নামে একাউন্ট এসব সাধারণ সম্পাদক ও ট্রেজারারও বলতে পারে কিনা আমার জানা নেই।"

সংবাদ সম্মেলনে এ সব অভিযোগের ভিত্তিতে ফখরুল ইসলাম দেলোয়ার বলেছেন, টাইম সেভিং ব্যাংকে সংগঠনের নামে ২০০৩ সাল থেকে একাউন্ট রয়েছে । সভাপতি ফখরুল ইসলাম, মোহাম্মদ বিলাল চৌধুরি ও কোষাধ্যক্ষর নামে একাউন্ট চালু রয়েছে বলে তিনি দাবি করেন।

জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির নতুন ভবন করবেন বলে চাঁদা তুলছেন কিনা এমন প্রশ্নের জবাবে তিনি বাতাসে ঘোরা এমন প্রশ্নের জবাব দিতে অপারগতা প্রকাশ করেন।

সংবাদ সম্মেলনে সভাপতি ফখরুল ইসলাম নিজে উপস্থিত থেকে সাংবাদিকদের প্রশ্নের উত্তর দিচ্ছেন। কিন্তু মেলার ফ্লায়ারে ভারপ্রাপ্ত সভাপতি হিসাবে এ এফ এম মিজবাহুজ্জামান এর নাম ব্যবহার করা হয়। এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, মেলায় থাকবেন না তাই ভারপ্রাপ্ত সভাপতির নাম ব্যবহার করেছেন। অথচ দুই সপ্তাহ পর মেলার প্রস্তুতি চলছে এবং এর সব তদারকি সভাপতি নিজেই করছেন।

সংবাদ সম্মেলন সন্ধ্যা আটটায় শুরু হওয়ার কথা থাকলেও রাত সাড়ে নয়টায় সংবাদ সম্মেলন শুরু হয়। মেলার সদস্য সচিব রিজু মোহাম্মদের লিখিত বক্তব্যের পর সাংবাদিকদের প্রশ্নোত্তর সুযোগ না দিয়ে মঞ্চে উপবিষ্টদের থেকে একে একে বক্তব্য শুরু করেন। এটা সেমিনার কিংবা মতবিনিময় সভা নয় বিষয়টি মনে করিয়ে দেন সাপ্তাহিক জন্মভূমি সম্পাদক রতন তালুকদার। এরপরও তারা ক্ষান্ত হননি। একে একে কথা বলেই যাচ্ছিলেন। এক পর্যায়ে কয়েকজন সম্পাদক ও সাংবাদিক বিরক্ত হয়ে সংবাদ স্থল থেকে বাইরে চলে যান। পরে সংগঠনের সাধারণ সম্পাদক জে মোল্লা সানি বিষয়টি সম্পর্কে দুঃখ প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা করেন। তবে সভাপতি কেন মেলায় থাকবেননা -এ নিয়ে সংগঠনের সদস্যদের মধ্যে নানান গুঞ্জন চলছে। নাম প্রকাশে অনিচ্ছুক একজন সদস্য বলেন, ফখরুল ইসলাম দেলোয়ার জ্যামাইকা মুসলিম সেন্টারের যুগ্ম সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করছেন।মেলায় নাচ গান হবে সে কারণে তিনি মেলা থেকে একটু দুরে থাকবেন। সংগঠনের সভাপতি হয়ে মেলায় কেন থাকবেননা এমন প্রশ্নের জবাবে তিনি বলেন আমি কিছুদিন থাকবো না, তবে মেলায় থাকার চেষ্টা করবো।

দু'টি বিতর্কে তিন বাংলাদেশি

প্রথম পৃষ্ঠার পর

আপাতত: অন্তত: দু'টি বিতর্কে অংশ নিতে সম্মত হয়েছে। প্রথম বিতর্ক ২৭শে জুন সিএনএন-এর; দ্বিতীয় বিতর্ক ১০ই সেপ্টেম্বর এবিসি-এর। বিস্তারিত হয়তো পরে জানানো হবে। বাইডেন ৮১, বিতর্কে তাঁর স্বাস্থ্য সম্পর্কে সংশয় উঠবে, প্রশ্ন থাকবে। ট্রাম্প ৭৭, তিনি মেজাজী হতে উঠতে পারেন। ২০২০-তে এদের মধ্যকার বিতর্ক যথেষ্ট উত্তপ্ত ছিলো।

প্রেসিডেন্ট নির্বাচনের এখনো ছয় মাসের একটু কম সময় বাকি আছে। কে জয়ী হবেন বলা শক্ত। ট্রাম্পের জেতার সম্ভবনা উজ্জ্বল। দোদুল্যমান ষ্টেটগুলোতে ট্রাম্প এগিয়ে আছেন, বরাবর এগিয়ে থাকছেন। এমনিতে বিভিন্ন ষ্টেট ডেমক্রেট ও রিপাবলিকান শিবিরে বিভক্ত। দোদুল্যমান ষ্টেটগুলোতে জয়-পরাজয় নির্ধারিত হয়ে থাকে। নিউইয়র্ক টাইমস, সিয়েনা কলেজ ও ফিলাডেলফিয়া ইনকোয়ারার এক জরীপে বলছে, জর্জিয়া ও মিশিগান বা ক'টি দোদুল্যমান ষ্টেট জিতলে ট্রাম্প জয়ী হবেন। জর্জিয়াতে ট্রাম্প-বাইডেন ৪৯-৩৯%, নেভাদায় ৫০-৩৮%, আরিজোনা ৪৯-৪২%, ও পেনসিভানিয়া ৪৭-৪৪%।, উইস্কন্সিন ও পেনসিলভানিয়ায় ট্রাম্প এগিয়ে।

আরিজোনার সাবেক রিপাবলিকান কংগ্রেসম্যান স্ট্যান ব্রানস বলেছেন, ট্রাম্প ২০২০-তে আরিজোনা হেরেছেন, গত ৬টি নির্বাচনে এমনটি ঘটেনি। এবার ট্রাম্প আরিজোনা জিতবেন। ভোটাররা রিপাবলিকানদের ক'টি ইস্যু পছন্দ করছেন, যেমন ইমিগ্রেশন ও ব্যক্তিগত ফাইন্যান্স।

তানবির চৌধুরী জেনারেশন জি'র পলিটিক্যাল অ্যাক্টিভিস্ট এবং ১০০ জনের তালিকায় সর্বকনিষ্ঠ। তার বয়স ২২ বছর হলেও গত জানুয়ারি মাসে অনুষ্ঠিত বিশেষ নির্বাচনে টম সোয়াজির ক্যাম্পেইনে কাজ করে পরিচিতি পান। এর আগে আরও কম বয়সে ব্রঙ্কস থেকে নির্বাচিত কাউন্সিল সদস্য এরিক ডাইনোউইটজের ক্যাম্পেইনে কাজ করেন।

দে সি ব্লু এনওয়াই সংগঠনের উদ্দেশ্য নিউইয়র্ক স্টেটের নির্বাচনে ডেমোক্রেটিক পার্টির প্রার্থীদের জয়ী করে আনা। ১০০ জনের তালিকায় তানবির চৌধুরীর স্থান ৯৭ নম্বরে। শাহানা হানিফের অবস্থান ১৭ নম্বরে। তবে তিনি একা নন তার সাথে রয়েছেন এশীয় বংশোদ্ভুত কাউন্সিল সদস্য শেকার কৃষ্ণান, লিন্ডা লি, চি ওসি, স্যান্ড্রা উং, জুলি ওন, সুজান কুয়াং। শাহানা হানিফ সম্পর্কে বলা হয়েছে, সিটি কাউন্সিলের প্রগ্রেসিভ ককাসের কো চেয়ার, এর আগে তিনি সিটি কাউন্সিলের কমিটি অন ইমিগ্রেশনের প্রধান ছিলেন।

তালিকায় বাংলাদেশি বংশোদ্ভুত অপরজন মাফ মিসবাহউদ্দিনের স্থান ৩৪ নম্বরে। তার সম্পর্কে বলা হয়েছে, তিনি অ্যাসালের সভাপতি হিসাবে বিভিন্ন রাজনৈতিক কার্যক্রমের নেতৃত্ব দেন, প্রার্থীদের এনডোর্স করেন। মাফ মিসবাহ ডিস্ট্রিক্ট কাউন্সিল-৩৭ এর ট্রেজারার। এটি নিউইয়র্ক সিটি বৃহত্তম পাবলিক এমপ্লয়ি ইউনিয়ন। এছাড়াও ২০০০ সাল থেকে তিনি লোকাল ১৪০৭ এর অ্যাকাউন্ট্যান্টস, স্ট্যাটিস্টিশিয়ানস অ্যান্ড এ্যাকচুয়ারিসের প্রেসিডেন্ট।

'মিসটেরিয়াস' হিসেবে দেখছেন

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশের প্রায় সব মানুষ ঘুমে। ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে আলোড়ন সৃষ্টিকারী খবরটি চাউর হতে থাকে। জেনারেল আজিজ ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতি নিয়ে বরাবরই আলোচিত। যুক্তরাষ্ট্র অনেক আগেই তার ওপর নজর রাখছিল। ডনাল্ড লু'র সাম্প্রতিক ঢাকা সফরে সবাই ধারণা করেছিলেন যুক্তরাষ্ট্রের সঙ্গে বোধহয় সব ভুল বোঝাবুঝির অবসান হয়ে গেছে। কিন্তু যুক্তরাষ্ট্র যে তার নীতিতে অটল থাকে এটা তারই প্রমাণ। বিভিন্ন মহলে বৈঠকে ডনাল্ড লু আরও কিছু বিষয় ইঙ্গিত করে গেছেন। তার সফরের পর সরকারি মহলে যথেষ্ট উচ্ছ্বাস ছিল।

কিন্তু সাবেক সেনাপ্রধানের ওপর এই নিষেধাজ্ঞা আসায় নতুন আলোচনা শুরু হয়েছে।

নানা সূত্রের খবর, পরবর্তী নিষেধাজ্ঞা আসতে পারে বিদেশে যারা টাকা পাচার করেছেন তাদের ওপর। তবে এখানে এটা উল্লেখ করা অপ্রাসঙ্গিক হবে না যে, ডনাল্ড লু তার বিবৃতিতে সুনির্দিষ্টভাবে দুর্নীতির বিষয়টি উত্থাপন করে গেছেন। তার ভাষ্যটি ছিল এমন 'আজকে আমি মন্ত্রীদের সঙ্গে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে আলোচনা করেছি। সরকারি কাজের স্বচ্ছতা নিশ্চিতে আমরা (দুই দেশ) একসঙ্গে কাজ করতে পারি। এর মাধ্যমে যেসব কর্মকর্তা দুর্নীতি করেছে তাদের দায়বদ্ধতা নিশ্চিত করতে পারি।' লু'র সফরের রেশ কাটতে না কাটতেই দুর্নীতির দায়ে জেনারেল আজিজ এবং তার পরিবারকে যুক্তরাষ্ট্রে নিষিদ্ধ করার ঘোষণা এলো।

বিশ্লেষকরা বলছেন, স্টেট ডিপার্টমেন্টের ওই ঘোষণার মধ্যদিয়ে যুক্তরাষ্ট্র নতুন একটি উইন্ডো ওপেন করলো। বাংলাদেশের ইতিহাসে এই প্রথম কোনো জেনারেলের ওপর এমন নিষেধাজ্ঞা জারির পর জনমনে নানা প্রশ্ন, কৌতূহল। সবচেয়ে বড় এবং গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে- যুক্তরাষ্ট্র বাংলাদেশে আর কার কার বিরুদ্ধে কী কী পদক্ষেপ নিতে যাচ্ছে? স্মরণ করা যায়, জেনারেল আজিজের মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল হয় ২০২১ সালে। তখন তার পরিবারের সদস্যদের ভিসা বাতিলের খবর ছিল না। ২০২১ সালের ১১ই ডিসেম্বর মানবজমিনই প্রথম রিপোর্টটি প্রকাশ করে। সেই খবরে উল্লেখ ছিল সাবেক সেনাপ্রধান জেনারেল আজিজকে যুক্তরাষ্ট্রে অবাঞ্ছিত ঘোষণা করা হয়েছে। ইতিমধ্যেই তার মার্কিন ভিসা বাতিল হয়েছে। এক পত্র মারফত জেনারেল আজিজকে যুক্তরাষ্ট্র সেই সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছে। আল-জাজিরায় জেনারেল আজিজের দুর্নীতি ও নানা অনিয়মের খবর প্রচারের পর যুক্তরাষ্ট্র সিদ্ধান্তটি নিয়েছে বলে ধারণা করা হয়েছিল।

ফেব্রুয়ারিতে (২০২১) 'অল দ্য প্রাইম মিনিস্টারস মেন' নামে রিপোর্টটি প্রচার করে আল-জাজিরা। এতে সামি (ছদ্মনাম) নামের হাঙ্গেরিতে বসবাসরত বাংলাদেশি বংশোদ্ভুত এক ব্যক্তির সহায়তায় হারিস আহমেদ নামের এক 'আসামি'র পরিচয় প্রকাশ করা হয়। হারিস বুদাপেস্টে 'মোহাম্মদ হাসান' নামে বসবাস করছিলেন। তিনি আজিজ আহমেদের ভাই। আহমেদ পরিবারের বাকি সদস্যদের বিরুদ্ধেও নানা অপকর্মের অভিযোগ প্রকাশ করা হয়। আজিজ আহমেদ অবশ্য তখন সেই সব অভিযোগ অস্বীকার করেন। জার্মান সংবাদ মাধ্যম ডয়চে ভেলেকে পরবর্তীতে দেয়া সাক্ষাৎকারে তার ভিসা বাতিল সংক্রান্ত মানবজমিনের খবরকেও অসত্য বলে দাবি করেছিলেন। জেনারেল আজিজের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ভিসা বাতিল এবং তাকে দেশটিতে অবাঞ্ছিত ঘোষণা নিয়ে মানবজমিনের রিপোর্টের সত্যতা স্টেট ডিপার্টমেন্টের ঘোষণায় পুনঃপ্রতিষ্ঠিত হলো। উল্লেখ্য, জেনারেল আজিজ আহমেদ ২০২১ সালের ২৪শে জুন অবসরে যান। বর্তমানে স্বস্ত্রীক ঢাকাতেই রয়েছেন। তার ৩ ছেলে, একজন বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত। অপর দুই ছেলের একজন ব্যাংকার, অন্যজন দুবাইতে কানাডিয়ান একটি বিশ্ববিদ্যালয়ে পড়ছেন।

আসাদুজ্জামান খানও বলেছেন, মরদেহ আমাদের হাতে আসেনি।' আর পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বিধাননগরের যে ফ্ল্যাটে আনোয়ারুল আজিমকে হত্যা করা হয়েছে সেখানে তার মরদেহ পাওয়া যায়নি। এতে করে 'খুন' বিষয়টি কীভাবে নিশ্চিত হওয়া গেলো, সেই প্রশ্নও উঠেছে।

'খুন' করে তার লাশ টুকরো টুকরো করে দফায় দফায় অন্য জায়গায় সরিয়ে দেয়া হয়েছে বলেও জানা গেছে। নাম প্রকাশ না করা শর্তে একটি সূত্র এই প্রতিবেদককে জানিয়েছেন যে, এরইমধ্যে এমপি আনারের মরদেহের ময়নাতদন্তও হয়ে গেছে। যদিও এই নিয়ে পশ্চিমবঙ্গ পুলিশের তরফে কিছু বলা হয়নি।

গত ১২ মে ভারতের কলকাতায় আসার পর দিন ১৩ মে থেকে রহস্যজনক ভাবে নিখোঁজ হয়ে যান ঝিনাইদহ-৪ আসনের এই সংসদ সদস্য। চিকিৎসার কথা বলে পরিবারের কাছ থেকে বিদায় নেয়ার পর সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার ১২ মে দর্শনা–গেদে সীমান্ত দিয়ে কলকাতা আসেন।

কলকাতায় এসে তিনি উঠেছিলেন দীর্ঘদিনের পরিচিত বরানগরে গোপাল বিশ্বাস নামে এক বন্ধুর বাড়িতে। দু'দিন সেখানে থাকার পর ১৪ তারিখ তিনি গোপালকে জানান, বিশেষ প্রয়োজনে তিনি বের হচ্ছেন, আজই ফিরে আসবেন। তবে তার পরদিনও আনার না ফেরায় গোপাল নিখোঁজ ডায়েরি করেন।

এরপর ২২ মে বুধবার সকালের দিকে তার খুনের খবর সামনে আসে। জানা যায়, কলকাতার কাছেই নিউটাউনের অভিজাত আবাসন সঞ্জীবা গার্ডেনের (ব্লক ৫৬ বিইউ) একটি ফ্ল্যাটে আনারকে খুন করা হয়। এদিন সকালের দিকে ঘটনাস্থলে যায় স্থানীয় বিধাননগর পুলিশ কমিশনারেটের অধীনস্ত নিউটাউন থানার পুলিশ।

পরে খবর পেয়ে ঘটনাস্থলে আসে ফরেনসিক টিম, ফিঙ্গারপ্রিন্ট বিশেষজ্ঞ, পশ্চিমবঙ্গ পুলিশের গোয়েন্দা বিভাগের সদস্যরা। এমনকি খুনের গুরুত্ব অনুধাবন করে তদন্তে নামে পশ্চিমবঙ্গ রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগ (সিআইডি)। তখনও পুলিশ এমপি আনারের মরদেহ পাওয়া গেছে কি না, সেটা বলেনি।

বিকেলে সংবাদ সম্মেলন করে পশ্চিমবঙ্গ পুলিশের আইজি (সিআইডি) অখিলেশ চতুর্বেদী বলেন, বাংলাদেশের এমপি আনোয়ারুল আজিম ব্যক্তিগত সফরে এসে এখান থেকে নিখোঁজ হয়ে যান। ১৮ মে ব্যারাকপুর পুলিশ কমিশনারেটের কাছে একটি নিখোঁজ ডায়েরি করা হয়।

সংসদ সদস্যের পরিচিত গোপাল বিশ্বাস এই অভিযোগ দায়ের করেন এবং সেই অভিযোগের ভিত্তিতেই আমরা তদন্ত শুরু করি। এই তদন্ত করার জন্য একটি বিশেষ তদন্তকারী দল (এসআইটি) গঠন করা হয়। এরপর গত ২০ মে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বিষয়টিকে গুরুত্ব দিয়ে তদন্ত করার নির্দেশ দেয়।

তিনি বলেন, বুধবার আমাদের কাছে একটি তথ্য আসে যে তাকে খুন করা হয়ে থাকতে পারে। এরপরই আমাদের পুলিশ এই ফ্ল্যাটটিকে শনাক্ত করে কারণ, এখানেই তাকে শেষবার তার দেখা গিয়েছিলো। মামলার তদন্তভার সিআইডির হাতে দেয়া হয়েছে বলেও তিনি জানান।

সংসদ সদস্য আনোয়ারুল আজিমকে হত্যার কারণ সম্পর্কে তার পরিবার, রাজনৈতিক দল, দুই দেশের আইনশৃঙ্খলা বাহিনী বা সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট করে এখনও পর্যন্ত কিছু জানা যায়নি। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) প্রধান ও অতিরিক্ত কমিশনার মোহাম্মদ হারুন অর রশীদ বুধবার দুপুরে ডিবি কার্যালয়ে সাংবাদিকদের বলেন, বিভিন্ন ধরনের ভুল তথ্য ছড়ানো হচ্ছে। আসলে এটা কী কারণে ঘটেছে জানতে আমাদের তদন্ত চলছে। এটা পারিবারিক নাকি আর্থিক, অথবা এলাকায় কোনো দুর্বৃত্ত দমন করার কারণে এমন ঘটনা ঘটেছে কি না, সবকিছু আমরা তদন্তের আওতায় আনবো। এ ঘটনায় পুলিশ ঢাকার মোহাম্মদপুর ও সাভার থেকে তিনজনকে গ্রেপ্তার করেছে। তাঁরা ৫ কোটি টাকার চুক্তিতে কলকাতায় ভাড়াটে খুনি হিসেবে কাজ করেছেন। পুরো কিলিং মিশনে নেতৃত্ব দেন আমানউল্লাহ নামের একজন। তাঁকে রাজধানীর শেরেবাংলা নগর থানায় দায়ের করা মামলায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

তিনি আরও বলেন, এটি নিষ্ঠুর হত্যাকাণ্ড- এটা মনে করেই তদন্তকারী কর্মকর্তারা কাজ করছেন। নিবিড়ভাবে ভারতীয় পুলিশের সঙ্গে যোগাযোগ রাখছি। কয়েকজন আমাদের কাছে আছে, তাদের কাছ থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য পাচ্ছি। তদন্তের স্বার্থে আমরা সব কিছু বলতে পারছি না।

এমপি আনার হত্যায় ঢাকা ও কলকাতায় দুটি পৃথক মামলা হয়েছে। কলকাতার মামলাটি পশ্চিমবঙ্গের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) তদন্ত করছে।

দুই দেশের পুলিশের সন্দেহ, হত্যাকাণ্ডের পেছনে রয়েছে সোনা কারবারের টাকা লেনদেন নিয়ে বিরোধ। ছোটবেলার বন্ধু ও ব্যবসায়িক অংশীদার আক্তারুজ্জামান শাহীনের পরিকল্পনায় এই হত্যাকাণ্ড হয়। খুন করার আগে বিলাসবহুল একটি ফ্ল্যাট ভাড়া করে দেশ থেকে ছয়জনের একটি কিলিং স্কোয়াড নিয়ে যান তিনি। পরে ব্যবসায়িক আলোচনা করতে ফ্ল্যাটে ডেকে এমপি আনোয়ারুল আজীমকে হত্যা করা হয়। টুকরা টুকরা করে কাটা হয় লাশ। এরপর উবার ভাড়া করে ট্রলিতে ভরে সেই লাশ গুম করেন কিলিং মিশনের সদস্যরা।

বাংলাদেশ স্বাধীন হওয়ার পর এই প্রথম এভাবে কোনও সংসদ সদস্যের নিখোঁজ ও খুন হওয়ার ঘটনা ঘটল। এটাকে সংশ্লিষ্ট দায়িত্বশীলরা দেখছেন, 'মিসটেরিয়াস' হিসেবে।

প্রতিনিয়ত প্রাণ ঝরছে ইমিগ্র্যান্ট

প্রথম পৃষ্ঠার পর

ব্যবস্থা পরিস্থিতি সামাল দেয়ার জন্য মোটেই প্রস্তুত নয়। এ কথা স্বীকার করেন সবাই। স্বপ্নের দেশে আসতে গিয়ে নিত্যদিন মানুষের স্বপ্ন ভঙ্গ হচ্ছে। গহিন জঙ্গল থেকে উত্তাল সাগরে প্রতিবছরই প্রাণ ঝরছে বেপরোয়া অভিবাসন প্রত্যাশীদের।

ইমিগ্রেশন নিয়ে বিতর্ক হয়, রাজনৈতিক আক্রমণ করা হয় পরস্পরকে। ইমিগ্র্যান্টদের প্রবাহ ছাড়া যে দেশটি অচল হয়ে পড়ার আশঙ্কা, সে কথাও শিকার করা হয়। এরপরও এ ইস্যুকে অগ্রাধিকার দিয়ে সমাধানে এগিয়ে আসছেন না রাজনীতিবিদরা। ক্ষমতায় যাওয়ার জন্য ইমিগ্রেশন ইস্যুটিকে কেবল ব্যবহারই করা হয়ে থাকে।

করোনা মহামারির আগে আমেরিকায় অবৈধ ইমিগ্র্যান্টদের প্রবাহ মূলত ছিল পাশের দেশগুলো থেকে। হোমল্যান্ড সিকিউরিটির দেয়া তথ্য অনুযায়ী মহামারির আগে স্থল সীমান্ত দিয়ে আমেরিকায় প্রবেশ করা ১০ জন ইমিগ্র্যান্টদের মধ্যে ৯ জনেরই আগমন ঘটত পাশের চারটি দেশ থেকে। ম্যাক্সিকো, গুয়াতামালা, হন্ডুরাস এবং এল সালভেদর - এ চারটি দেশ থেকেই এখন আর বেশি ইমিগ্র্যান্টদের অনুপ্রবেশ ঘটছে না। সমস্যা এখন পূর্ব পশ্চিমের প্রান্তিক দেশগুলোতে ছড়িয়ে গেছে। ২০২৩ সালের হিসেব অনুযায়ী সীমান্ত দিয়ে প্রবেশ করা নথিপত্রহীন ইমিগ্র্যান্টদের অর্ধেকই এখন আসছে অন্য দেশগুলো থেকে। টিকটক সহ সামাজিক মাধ্যমে বিজ্ঞাপন দিয়ে পাচারকারীরা বিভিন্ন দেশ থেকে লোক সংগ্রহ করছে এখন আমেরিকায় পৌঁছে দেবে বলে।

আফ্রিকা, পূর্ব ইউরোপ এবং এশিয়ার দেশগুলো থেকে এখন ব্যাপক ইমিগ্র্যান্টদের অনুপ্রবেশ ঘটছে সীমান্ত পথ দিয়ে। মধ্যপ্রাচ্যের ঝঞ্ঝা বিক্ষুব্ধ অঞ্চল থেকে আমেরিকায় আশ্রয় নেয়ার জন্য বেপরোয়া অভিযান ক্রমশই বাড়ছে। ২০২৩ সালে কেবল বাংলাদেশ থেকেই তিন হাজার লোকের অনুপ্রবেশ ঘটেছে সীমান্ত পথ দিয়ে। করোনা মহামারির আগে এ সংখ্যা খুবই নগণ্য ছিল হোমল্যান্ড সিকিউরিটির হিসেব অনুযায়ী। একই সময়ে ভারত ও চায়না থেকে আসা অবৈধ ইমিগ্র্যান্টদের সংখ্যা প্রায় পাঁচগুন বৃদ্ধি পেয়েছে। আফ্রিকার উত্তর পশ্চিমের দেশ মরিতুয়ানা থেকে গত বছর ১৫ হাজার লোকের অনুপ্রবেশ ঘটেছে। বিশ্বের এমন প্রায় ৫০টি দেশ থেকে লোকজনের আমেরিকা সীমান্তে ছুটে আসা বৃদ্ধি পেয়েছে শতগুণ।

মার্কিন বিশেষজ্ঞদের মতে মহামারির পর বদলে যাওয়া বিশ্বে অভাব আর অনগ্রসরজনের হাহাকার বেড়েছে দেশে দেশে। উন্নত ও নিশ্চিত জীবনের আশায় লোকজন আমেরিকার দিকে ছুটে আসছে। যদিও এতো বিপুল সংখ্যক লোকজনকে সামাল দেয়ার কোন অবকাঠামোগত প্রস্তুতি নেই আমেরিকার। মহামারির আগে থেকেই ইমিগ্রেশন ব্যবস্থায় জট লেগে আছে। লাখ লাখ আবেদন প্রক্রিয়া করার অপেক্ষায় পড়ে থাকা স্তূপের সাথে এখন যুক্ত হচ্ছে নতুন ইমিগ্রেশন আবেদন। এমন আশ্রয় আবেদন সুরাহা করতে এখন এক দশকের বেশি সময় লাগবে বলে মনে করা হচ্ছে। অর্থাৎ একজন আশ্রয়প্রার্থী দশ বছরের বেশী সময় অপেক্ষা করতে হবে , সে আদৌ আমেরিকায় থাকতে পারবে কি না এটি জানার জন্য !

আমেরিকায় নথিপত্রহীন বা অবৈধ হলেই কাউকে ধাক্কা দিয়ে বিতাড়ন করার সুযোগ নেই। যথাযথ প্রক্রিয়া অবলম্বন করেই একজনের আবেদন গ্রহণ করতে হবে বা বাতিল করতে হবে। যুক্তরাষ্ট্রের মাটিতে পা রেখে যে কেউ এ দেশে আশ্রয়ের আবেদন জানাতে পারে। এমন আবেদন গ্রহণ করা, শুনানি করা এবং অপেক্ষার সময় পর্যন্ত নথিপত্রহীন ইমগ্র্যান্টদের থাকা খাওয়ার সুবিধা করে দিতে হয়। শুধু থাকা খাওয়া নয়, শিক্ষা কিংবা চিকিৎসার মতো মৌলিক বিষয়গুলোকে নিশ্চিত করার আইন রয়েছে।

হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি আলেহান্দ্রো মেওয়রকাস সম্প্রতি এক সাক্ষাৎকারে হতাশার সাথে বলেছেন, মার্কিন ইমিগ্রেশন আইন ১৯৯৬ সালে সর্বশেষ একবার হালনাগাদ করা হয়েছিল। এখন চলছে ২০২৪ সাল। এরমধ্যে শুধু আমেরিকা নয়, বদলে গেছে বিশ্ব। এ বদলে যাওয়া বাস্তবতাকে মোকাবেলা করার জন্য আমেরিকার অভিবাসন ব্যবস্থা মোটেই উপযুক্ত নয় বলে তিনি বলেছেন।

একসময় আমেরিকায় আদম পাচারের জন্য কার্টেলদের নাম ব্যাপকভাবে সবার জানা ছিল। কার্টেল নয়, স্নেকহেড এখন সবচেয়ে সক্রিয় সীমান্ত দিয়ে আদম পাচারের জন্য। চায়না থেকে শুরু করে ভারতসহ পূর্ব পশ্চিমের দেশে স্নেকহেড নামের অপরাধী চক্র আদম পাচার করছে আমেরিকায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞাপন দিয়ে লোক সংগ্রহ করা হচ্ছে। সেল ফোনই এখন সব যোগাযোগের মাধ্যম। এরমধ্যে রয়েছে নানা ধরনের অ্যাপস ভিত্তিক যোগাযোগ। অর্থ আদায়ে এখন ডলার বা স্থানীয় মুদ্রার বদলে বিনিময় হচ্ছে ক্রিপ্টো কারেন্সি। চায়না ভিত্তিক স্নেকহেড নামের সংঘবদ্ধ পাচারকারীরা পুরো এশিয়া অঞ্চলে বিস্তৃত হয়ে পড়েছে।

প্রযুক্তিগত সব সুবধা নিয়ে পাচারকারীরা যুক্তরাষ্ট্র সীমান্তে নিয়ে আসার বিশাল অপরাধ বাণিজ্য গড়ে তুলেছে। এ নেটওয়ার্কের সাথে জড়িত ভয়ংকর সব অপরাধীরা। চায়না, ভারতসহ বিভিন্ন দেশ থেকে কলম্বিয়া হয়ে এসব লোকজনের অভিযাত্রা লোমহর্ষক। নিয়মিত এসব সংবাদ প্রকাশিত হয়ে আসছে। ছোট ডিঙি নৌকা থেকে শুরু করে দুর্গম পাহাড় জঙ্গল পেরিয়ে আমেরিকার সীমান্তে পৌঁছার আগেই ঝরে পড়ছে বহু প্রাণ। মাঝপথে অপরাধী চক্র বারবার হাতড়ে নিচ্ছে অর্থ। জিম্মি করে অর্থ আদায় করা হচ্ছে দেশে থাকা স্বজনদের কাছ থেকে। কখনো স্রেফ হত্যা করে লাশ ফেলে দেয়া হচ্ছে।

এসব কাজের লেনদেনে এখন প্রযুক্তি ব্যবহার হচ্ছে অনায়াসে। যুক্তরাষ্ট্র সীমান্তের পৌঁছা পর্যন্ত একের পর এক হাত বদল হচ্ছে পাচারের শিকার লোকজন।প্রতিটি দেশে রয়েছে পাচার চক্রের ভিন্ন ভিন্ন নেটওয়ার্ক। যেমন সোমালিয়া থেকে আসা লোকজনকে একটি নির্দিষ্ট এলাকার পর হাত বদল করে দেয়া হচ্ছে অন্য চক্রের হাতে। বিপজ্জনক এসব নেটওয়ার্কের হাতে পড়ে প্রতি মুহূর্তে প্রাণ হারানোর আশঙ্কা নিয়ে সময় থাকে আমেরিকার পথে আসা লোকজনের। উন্নত জীবনের আশায় প্রাণ বাজী রেখে যারা পৌঁছাতে পারছে সীমান্তে, তাদের আমেরিকায় প্রবেশের পথ চিহ্নিত করে দেয় কার্টেল বা স্নেকহেডের লোকজন। এরপরই শুরু হয়, মার্কিন ভেঙ্গে পড়া মার্কিন অভিবাসন আইনের বিড়ম্বনা।

সরকারি হিসেব মতোই আমেরিকায় আসার পথে ২০২৩ সালেই ৬৮৭জন মানুষের মৃত্যু হয়েছে। মার্কিন কাস্টমস অ্যান্ড বর্ডার প্রটেকশন এজেন্সির এ হিসেবের মধ্যে জঙ্গলে, মরুভূমিতে নদী ও সমুদ্রে মারা যাওয়া লোকজনের হিসেব এখানে নেই। এ সংখ্যা কয়েক হাজার হবে বলে মনে করা হয়। উন্নত জীবনের হাতছানির জন্য জীবন দেয়া বেপরোয়া অভিবাসন অভিযাত্রা বর্তমান বিশ্ব বাস্তবতার নগ্ন প্রকাশ। এর সমাধান কেমন করে করা যা , এ নিয়ে আমেরিকার কোন মহলের কার্যকর কোন চিন্তা আছে বলে মনে হয় না। কেবলই রাজনৈতিক বিতর্ক, কেবলই অসহায় আশ্রয়প্রার্থীদের জীবন নিয়ে নিষ্ঠুর খেলার চক্র চলমান।

স্যাম সাল্টজ একজন মানবাধিকার কর্মী। সীমান্তের নথিপত্রহীন অভিবাসীদের প্রতিদিন খাবার দিয়ে সাহায্য করেন। বিপন্ন অভিবাসীদের জন্য স্বেচ্ছাসেবা দিয়ে থাকেন। স্যাম সাল্টজ বলেন, আমেরিকার মাটিতে পা দেয়া যেকোনো মানুষ, সে কীভাবে এসেছে তা প্রশ্ন না করেই আশ্রয় আবেদন প্রক্রিয়া করতে হবে। এ আইন যতদিন থাকবে, বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে আমেরিকামুখী অভিবাস

বাসা ভাড়া

মে মাস থেকে নিউ বেইসমেন্ট ভাড়া হবে. PS 33 and Police Station থেকে এক ব্লক দূরে Queen Village এ মনোরম পরিবেশে বেইসমেন্ট ভাড়া হবে. স্টুডেন্ট আর স্বামী স্ত্রী অগ্রাধিকার পাবে. আলাদা কিচেন আর বাথরুম এবং বড় দুইরুম. দুই Block এর ভিতর Q1,Q27,Q88 ,Q36,Q43 and N26, N22 and N6 bus. স্ট্রিট পার্কিং (ঝাড়ু নাই)সব সময় খালি থাকে. যোগাযোগ - 3475925884

অফিস ভাড়া

জ্যামাইকার হিলসাইডে ১৬৮ স্ট্রিটের প্রাইম লোকেশনে একটি অফিস রুম ভাড়া হবে। গেষ্ট ওয়েটিং রুমসহ আনুষাঙ্গিক সুবিধা রয়েছে। ফোন: 646-403-6500

আবশ্যক

হিউম্যান হোমকেয়ার কোম্পানীতে কাজ করার জন্য আগ্রহী কিছু কর্মী আবশ্যক। জরুরি ভিত্তিতে রিজ্যুমি পাঠানোর অনুরুধ করছি। newal.saki@humancareny.com

ন্যানী আবশ্যক

মিজুরী রাজ্যের সেন্টলুইসে বসবাসকারী নবজাতক শিশু এবং দুই বছরের শিশু আন্তরিকভাবে দেখাশুনা এবং সপ্তাহে তিনদিন রান্না করাসহ অন্যান্য কাজে (পরিষ্কার-পরিচ্ছন্নতা) সহযোগিতা করার জন্য ন্যানী আবশ্যক। থাকা খাওয়াসহ মাসে বেতন ১,৫০০ ডলার। প্রতি ছয় মাসে একবার নিউইয়র্কে যাতায়াতের সুযোগ থাকবে এবং যাতায়াতের খরচ বহন করা হবে। যোগাযোগ: ৭৬৫-৬০৯-৭২২৪

লাইভ ইন বেবিসিটার আবশ্যক

লং আইল্যান্ডে সোমবার-শুক্রবার নবজাতক শিশুর যত্ন নেওয়ার জন্য লাইভ ইন বেবিসিটার খুঁজছেন। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে 917-280-7656 নম্বরে কল করুন।

আবশ্যক

কুইনসের একটি ইমিগ্রেশন ল' ফার্মে রিসিপসনিস্ট আবশ্যক। প্রার্থীকে উঁচু মাত্রার অরগেনাইজড এবং জনসংযোগে দক্ষ হতে হবে। পাশাপাশি প্রার্থীকে হিন্দি, ইংরেজি এবং বাংলা ভাষায় কথা বলায় দক্ষ হতে হবে।
ল' ফার্মে কাজের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ দেয়া হবে। ভালো বেতনের এ চাকুরীর জন্য আগ্রহীরা রিজুমি ইমেইল করুন: ravi@gehilaw.com

পাত্রী চাই

৫৫ বছর ডিভোর্স, সিটিজেন সুদর্শন ডাক্তার পাত্রের জন্যে পাত্রী বা ঘটক সরাসরি যোগাযোগ করুন patrichai@gmail.com

ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ এআর ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন।
যোগাযোগঃ ৩৪৭-৪৫৯-৭০৯২

World Travel and Vacation
TRAVEL THE WORLD
Mohammad Hossain
President
214.714.3110 (24/7)

ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্ততার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।

পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পার্টনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854.
Email: amrsolarllc@yahoo.com

HOUSE FOR SALE BY OWNER

2 FAMILY 4 LEVELS 20X55, BRONX
INDEPENDENT DRIVEWAY NEAR
THE 6 TRAIN $1.1 MILLION
CALL: 718-300-6223

জ্যাকসন হাইটসের অ্যাপার্টমেন্টে রুমমেট আবশ্যক

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে একটি অ্যাপার্টমেন্টে বিশাল আকৃতির একটি রুমে থাকার জন্য একজন রুমমেট আবশ্যক। আলাদা দরজা আছে। বাথরুম এবং কিচেন শেয়ার করতে হবে। টেক্সটের মাধ্যমে যোগাযোগ করুন 929-720-2181
MD Tofazzal Hossain 1347-605-0593

ন্যানি আবশ্যক

কুইন্সের জ্যামাইকায় ছয়মাসের বাচ্চার যত্ন সহকারে দেখভালের জন্য একজন ন্যানি আবশ্যক। যোগাযোগ - 929-268-5801 স্থান - ব্রায়ারউড স্টেশানের পাশে.

আবশ্যক

"Immigration law firm in Queens is looking for a Receptionist. Candidates should be extremely organised and should have excellent communication and public relation skills.Candidate should speak Hindi, English and Bengali. Training will be provided by a law firm. Handsome salary will be offered. Please email your resume at "ravi@gehilaw.com

ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**



রুম ভাড়া

জামাইকার সাটফিন ব্লু বার্ডে একটি রুম সাবলেট ভাড়া দেওয়া হবে,সাবওয়ে ও গ্রোসারী থেকে তিন মিনিটের দূরত্ব,একজন অথবা দুজন মহিলা হলে ভালো হয়। 347-238-7171

আবশ্যক

নিউইয়র্কে একটি স্বনামধন্য সাপ্তাহিক পেপারে ডেলিভারিতে শুক্রবার ব্রুকলিন, ওজন পার্ক, জ্যামাইকায় কাজ করার জন্য গাড়ি সহ ড্রাইভার আবশ্যক । 646-645-9830

লোক আবশ্যক

সারাহ হোমকেয়ারে কাজ করার জন্য কিছু লোক আবশ্যক। আগ্রহীরা কল করুন ফোন: 917-745-0949

পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

পাত্র চাই

পাত্র চাই উচ্চ শিক্ষিত পরিবারের US সিটিজেন পাত্রী কুইন্স কলেজ থেকে একাউন্টিং এ ব্যাচেলর সিটি জব রত (২৮) শিক্ষিত ও উপযুক্ত পাত্র চাই md_kayum@yahoo.com Cell: 917-497-9508

পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগ: 516-247-8260 Email: jj1831847@gmail.com

হিন্দু পাত্র আবশ্যক

শিলিগুড়ি বসবাসরত এবং ব্যাঙ্গালোরে নার্সিং (৩য় বর্ষ)অধ্যয়নরত সুন্দরী পাত্রীর জন্য হিন্দু পাত্র আবশ্যক। যোগাযোগ: 347-235-7322 পাত্রীর মামা New York

পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫"। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।)
যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com

সুখবর! সুখবর!!

আমেরিকান সিটিজেনদের জন্য সৌদি আরবের ১০/৫ বছরের মাল্টিপল ভিসা স্বল্পমূল্যে পেতে এবং গ্রীনকার্ড দারীদের জন্য উমরাহ ভিসা পেতে আজই যোগাযোগ করুন ।

571-830-9213

Email: rashid.ozonepark@gmail.com

বইমেলার ৩৩

নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা

যত বই তত প্রাণ

২৪, ২৫, ২৬ ও ২৭ মে, ২০২৪

জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টার

১৫৩-১০ জ্যামাইকা এভিনিউ
জ্যামাইকা, নিউ ইয়র্ক ১১৪৩২

বাংলাদেশ ও ভারত থেকে আমন্ত্রিত অতিথি:

উদ্বোধক: মুহম্মদ নূরুল হুদা মহাপরিচালক, বাংলা একাডেমি
মোহাম্মদ ইমরান যুক্তরাষ্ট্রে বাংলাদেশের রাষ্ট্রদূত
মোঃ নাজমুল হুদা বাংলাদেশ কনসাল-জেনারেল, নিউ ইয়র্ক
ফরিদুর রেজা সাগর কথা সাহিত্যিক
সৌমিত্র শেখর দে উপাচার্য, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
প্রহ্লাদ রায় অধ্যাপক, বিশ্বভারতী
আফজাল হোসেন অভিনেতা
ডাঃ শারোয়ার আলী ট্রাস্টি, মুক্তিযুদ্ধ জাদুঘর, ঢাকা
রূপা মজুমদার সম্পাদক, নব কল্লোল ও শুকতারা








দলীয় পরিবেশনা
আশিস-আভা। আনন্দধ্বনি। বাকা। উনীটী। বহ্নিশিখা।
জনকণ্ঠে নজরুল (নিউ জার্সি)। অন্যথিয়েটার (টরন্টো)।

শনি, রবি, সোম, প্রতিদিন বই প্রদর্শনী ও বিক্রয়
সকাল ১১টা - রাত ১১টা

এক নজরে চারদিনের কর্মসূচি:

শুক্রবার, ২৪ মে, বিকাল ৬টা থেকে রাত ১১টা
খোলামঞ্চে বৃন্দগান ও নৃত্য। আনুষ্ঠানিক উদ্বোধন।
সঙ্গীত পরিষদ ও বাকা (দলীয় পরিবেশনা)
শিশুদের কণ্ঠে নজরুলের কবিতা।
সঙ্গীতানুষ্ঠান (লিলি ইসলাম ও শাহ মাহবুব)

শনিবার, ২৫ মে, সকাল ১১টা থেকে রাত ১১টা
স্বরচিত কবিতা ও নতুন বই। স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। প্রকাশক-লেখক।
পাঠক ফোরাম। সেমিনার: ১৯৭১-এর জেনোসাইড কেন এখনো স্বীকৃত নয়।
কবিতা আবৃত্তি। নজরুল জয়ন্তী। জলসা।

রবিবার, ২৬ মে, সকাল ১১টা থেকে রাত ১১টা
স্বরচিত কবিতা ও নতুন বই। বিতর্ক: প্রবাসী সাহিত্য মূল্যহীন।
আলোচনা: রবীন্দ্রনাথ ও পূর্ব বাংলা। আলাপচারিতা: পুরস্কার ও সাহিত্য।
কথোপকথন: বাংলা নাটকের এদিন সেদিন।
আলাপচারিতা: যুক্তরাষ্ট্র-বাংলাদেশ সম্পর্ক। তিন কন্যার উপাখ্যান (নাটক)।
মুক্তধারা ভাষণ (মুহম্মদ নূরুল হুদা)। সঙ্গীতালেখ্য: কোথায় পাব তারে।
রেজওয়ানা চৌধুরী বন্যা (একক পরিবেশনা)

সোমবার, ২৭ মে, সকাল ১১টা থেকে রাত ১০টা
কীভাবে পাণ্ডুলিপি প্রস্তুত করবেন।
শিশু-কিশোর-যুব মেলা (বিকাল ৩টা থেকে)

আমন্ত্রিত সঙ্গীত শিল্পী
রেজওয়ানা চৌধুরী বন্যা, লিলি ইসলাম, শাহ মাহবুব, অনিন্দিতা কাজী, তানভীর ইমাম, আলতাফ চৌধুরী, নাইন নাজিরা, শবনম শায়লা তমুকা, শাহীন হক, লাভু আফগ, নিলিশা দেওয়ানজী ও হিরণ্ময় সৌগত সরকার, নিরুপমা রহমান।

প্রধান পৃষ্ঠপোষক:
যোগাযোগ: 609-529-5065, 610-203-9695, 347-656-5106, 646-323-3223

Principal Hosne Ara Ahmad Foundation

GPB GROUP

Syed Zaki & Rahat Hossain

CHAUDRI CPA P.C.
FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্সিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

IRS

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

MONEY TRANSFER
মানি ট্রান্সফার

বিদেশ থেকে বৈধ
পথে টাকা পাঠানোর
সহজ উপায়

2.5% Incentive
Highest Rate
No Fees

bKash

Notary Public

Fast, Secure &
Reliable Remittance

Contact Us

718-406-9745

We Are Authorized Agents

World Tours & Travel

37-12 75th St,
2nd floor Suite # 206,
Jackson Heights, NY-11372, USA

UP TO 10% Discount
on Flight Booking



Special Fare Available
NEW YORK - DHAKA - NEW YORK

Emirates QATAR KUWAIT AIRWAYS TURKISH AIRLINES

Book Online
www.globaltravelbd.com

- All domestic & international flights any country
- No extra charge for credit card
- No hidden charges
- 24/7 customer support

US: 718-406-9745
BD: 01810140650

World Tours & Travel

USA Office
37-12 75th St.
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA

Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000

24/7 Hotline: 718-406-9745

অধ্যাপক সারওয়ার বি. সালামকে শ্রদ্ধা নিবেদন দ্যা অপটিমিস্টের

ডেস্ক রিপোর্ট

নিউইয়র্কে অধ্যাপক সারওয়ার বি. সালামের প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন দ্যা অপটিমিস্ট পরিবার। ৬ মে সোমবার নিউ ইয়র্ক সিটির গুলশান টেরেসে 'দি অপটিমিস্টস' পরিবার তাদের সদ্য প্রয়াত সাবেক চেয়ারম্যান প্রফেসর সারোয়ার বি. সালামের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে একত্রিত হয়। উপস্থিতদের লক্ষ্য ছিল প্রয়াত সারোয়ার বি. সালামের চিরস্থায়ী অবদান স্মরণ করা, যিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ'র একজন সম্মানিত অধ্যাপক ছিলেন এবং ছিলেন একজন দক্ষ আর্থিক উপদেষ্টা। সামাজিক উন্নয়নের লক্ষ্যে তিনি সমগ্র জীবন অক্লান্ত কাজ করে গেছেন। অনুষ্ঠানে একত্রিত হয়েছিলেন সামাজিক বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং দি অপটিমিস্টের সদস্যরা।

অনুষ্ঠানে 'দি অপটিমিস্টস' এর চেয়ারম্যান মিনহাজ আহমেদ বলেন, " প্রফেসর সালামের প্রতি সত্যিকারের শ্রদ্ধাঞ্জলি হবে যদি আমরা তাঁর প্রিয় সংগঠন দি অপটিমিস্টসকে সমর্থন করি।" তিনি 'দি অপটিমিস্টস' এর আসন্ন ২৫তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সবাইকে ঐক্যের আহ্বান জানান। দি অপটিমিস্টের প্রধান উপদেষ্টা মোঃ রফিকউদ্দিন চৌধুরী রানা বলেন "অপটিমিস্টস্-এর জন্য সা.বি.সালামের প্রতি কৃতজ্ঞতা বলে শেষ করা যাবেনা।"

উপস্থিত বিশিষ্ট দের মধ্যে ভাইস চেয়ারম্যান মোহাম্মদ আলি, কোষাধ্যক্ষ আমিন মেহেদী এবং বোর্ডের সেক্রেটারি নিশাদ হক সা বি সালামের প্রতি শ্রদ্ধা জানান।

বিশিষ্ট সাংবাদিক সৈয়দ মোহাম্মদ উল্লাহ, লেখক-রাজনীতিবিদ সুব্রত বিশ্বাস, মামনুনুল হক, সাংস্কৃতিক কর্মী অ্যানি ফেরদৌস এবং অপটিমিস্টের নিবেদিত স্পন্সর সেলিনা উদ্দিন, আকবর হায়দার কিরণ এবং মজিবুর রহমান মরহুমের কাজের প্রশংসা করেন এবং শর্ধা জ্ঞাপন করেন।

লীগ অফ আমেরিকার সভাপতি শাহিদা জিয়া, আবদুল ওয়াদুদ, শামিম আহমেদ এবং পরিচালক নজরুল ইসলাম, মোকাররম আহমেদ এবং ফাতেমা শাহাব রুমার কাছ থেকে আরও অবদানের কথা শোনা যায়। অধ্যাপক সালামের আন্তরিক কাজ চালিয়ে যাওয়ার জন্য প্রতিটি বক্তা অনন্যভাবে অনুপ্রেরণামূলক স্মৃতি এবং নতুন প্রতিশ্রুতি প্রদান করেছেন। সভায় সারোয়ার বি সালামের শোকাহত সহধর্মীনিও উপস্থিত ছিলেন।

নিষেধাজ্ঞা নিয়ে আমাদের মাথাব্যথা নেই: কাদের

ঢাকা অফিস

ওবায়দুল কাদের

সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদের ওপর মার্কিন যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞার দিকে ইঙ্গিত করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, 'যারা গাজার গণহত্যাকে অস্বীকার করে, তারা কোথায় কাকে নিষেধাজ্ঞা, ভিসা নীতি দিল, তাতে আমাদের কোনো মাথাব্যথা নেই।'

বুধবার বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলটির সাংস্কৃতিক উপকমিটির 'সাংস্কৃতিক বৈচিত্র্যসমৃদ্ধ স্মার্ট বাংলাদেশের অগ্রযাত্রা' সভায় এসব কথা বলেন তিনি।

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লুর ঢাকা সফর নিয়ে ওবায়দুল কাদের বলেন, 'ডোনাল্ড আসলেন সম্পর্ক এগিয়ে নিতে। সেখানে আবার তিনি যেতে না যেতেই নিষেধাজ্ঞা এসেছে। আগে সাতজনের ওপর, এখন আবার এ কাজ। আমি এই কথাই বলতে চাই, যারা গাজার গণহত্যাকে এবং যারা গণহত্যা ঘটাচ্ছে, তাদের এই নিষ্ঠুর ও বর্বরোচিত ভূমিকাকে গণহত্যা বলতে চায় না, তারা কোথায় কাকে নিষেধাজ্ঞা দিল—তাতে আমাদের কোনো মাথাব্যথা নেই।'

তিনি বলেন, 'সাড়ে ৩৫ হাজার মানুষকে নির্বিচারে, নিষ্ঠুরভাবে অবিরাম হত্যা করেছে গাজায়। ঘোষণা দিয়ে গণহত্যা করছে। এখন ইসরায়েলের প্রধানমন্ত্রী নেতানিয়াহু যা করছে, তা হিটলারের চেয়েও ভয়াবহ।'

এই গণহত্যার বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলনের প্রসঙ্গ টেনে ওবায়দুল কাদের বলেন, 'যারা প্রটেস্টরদের এভাবে হামলা করে, তাদের গণতন্ত্র, মানবাধিকার...যারা গণহত্যাকে অস্বীকার করে, তারা আমাদের কাকে নিষেধাজ্ঞা, ভিসা নীতি দিল, সেটা নিয়ে আমাদের মাথাব্যথা নেই।'

আমেরিকায় বন্দুকধারীর হামলায় হতাহত ৫

উত্তর আমেরিকা ডেস্ক

আমেরিকার পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের চেস্টারে বন্দুকধারীর গুলিতে দুইজন নিহত ও তিনজন আহত হয়েছেন। স্থানীয় সময় বুধবার সকালে এ ঘটনা ঘটে। মার্কিন সম্প্রচারমাধ্যম সিএনএনের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

ডেলাওয়্যার কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি জ্যাক স্টলস্টেইমার জানান, ডেলাওয়্যার কাউন্টির একটি লিনেন কোম্পানিতে গোলাগুলির ঘটনায় আহতদের হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। সন্দেহভাজন হামলাকারী আগ্নেয়াস্ত্র নিয়ে কর্মস্থলে আসেন এবং সহকর্মীদের ওপর হামলা চালান।

স্থানীয় এই কর্মকর্তা আরও জানান, বন্দুকধারী গাড়িতে করে পালিয়ে গেলেও কিছুক্ষণের মধ্যেই তাঁকে একটি ট্রাফিক স্টপেজ থেকে গ্রেপ্তার করা হয়। বন্দুকধারীর নাম প্রকাশ করা হয়নি এবং তাঁর উদ্দেশ্য জানা সম্ভব হয়নি।

চেস্টার পুলিশ কমিশনার স্টিভেন গ্রেটস্কি জানিয়েছেন, ট্রেইনার শহর থেকে সন্দেহভাজন একজনকে গ্রেপ্তার করা হয়েছে। সন্দেহভাজনের গাড়ির ভেতর থেকে একটি বন্দুক পাওয়া গেছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। তবে এটিই হামলায় ব্যবহৃত হয়েছে কিনা তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

গুলিবিদ্ধদের মধ্যে একজন ওই কোম্পানির সুপারভাইজার বলে জানিয়েছেন চেস্টারের মেয়র। তবে নিহতদের মধ্যে ওই সুপারভাইজার ছিলেন কিনা তা জানা যায়নি।

চেস্টারের মেয়র স্টেফান রুটস বলেন, 'সন্দেহভাজন হামলাকারী একজন অসন্তুষ্ট কর্মচারী, সে তার কর্মস্থলের একজন বর্তমান কর্মচারী। এই ঘ না হৃদয়বিদারক, এটি দুঃখজনক, এটি বন্ধ করতে হবে।'

আমার জন্ম হয়নি

শেষ পৃষ্ঠার পর

নরেন্দ্র মোদি প্রতিদিন টানা ১৬ থেকে ১৭ ঘণ্টা কাজ করেন। বর্তমানে ভারতের চলমান লোকসভা নির্বাচনের প্রচারণারও মোদির উদ্যম চোখে পড়ার মতো।

কাজের এমন শক্তির রহস্য কোথায়—মোদির কাছে এক সাক্ষাৎকারে জানতে চেয়েছিল নিউজ-এইটিন। ঠিক তখনই নিজেকে নিয়ে নিজের ভাবনার কথা জানান মোদি। সর্বভারতীয় ওই সংবাদমাধ্যমটিকে তিনি বলেন, 'মা যত দিন বেঁচে ছিলেন আমার মনে হতো, হয়তো জৈবিকভাবেই আমার জন্ম হয়েছে। কিন্তু মায়ের মৃত্যুর পর নানা রকম অভিজ্ঞতা থেকে আমি নিশ্চিত, ভগবান আমাকে পাঠিয়েছেন। আমার মধ্যে যে শক্তি রয়েছে তা সাধারণভাবে জন্ম নেওয়া কোনো মানুষের থাকতে পারে না!'

মোদি আরও বলেন, 'আমি ঈশ্বরের দূত। তিনিই আমাকে চালান, শক্তি দেন, মানুষের ভালো করার সুযোগ করে দেন। আমি শুধু যন্ত্রের মতো কাজ করি।'

নিজের এমন বক্তব্য নিয়ে সমালোচনা হতে পারে এমন আশঙ্কার কথাও আগেভাগে জানিয়ে দেন ভারতীয় প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'আমি জানি বিরোধীরা আমার কথা শুনে ছিঃ ছিঃ করে উঠবে। নিন্দুকেরা তুলোধুনো করবে, পারলে মাথার চুল ছিঁড়ে নেবে। কিন্তু আমার অনুভূতি এটাই যে—আমি ঈশ্বরের দূত হিসেবেই এসেছি।'

গত বৃহস্পতিবার ভারতীয় সংবাদমাধ্যম বিজনেস স্ট্যান্ডার্ডের এক প্রতিবেদনে বলা হয়েছে, গত ১৪ মে উত্তর প্রদেশে নিজের নির্বাচনী আসন বারানসিতে গিয়ে একটি ভিডিও সাক্ষাৎকারে ওই মন্তব্য করেন মোদি।

স্বদেশি বৃহত্তম মেলায় সম্মানিত উত্তর

শেষ পৃষ্ঠার পর

থাকা বয়স্কজন ছাপা পত্রিকায় করোনাকালের বিভিন্ন ফিচার, স্বাস্থ্য বার্তা, সাহিত্য, সরকারি সুযোগ সুবধার কথা জানতে পেরেছেন তাদের আস্থার সংবাদমাধ্যম প্রথম আলোর মাধ্যমে।

প্রথম আলোকে সম্মাননা জানিয়ে আয়োজকদের পক্ষ থেকে বলা হয়েছে, মহামারি পরবর্তী স্বাভাবিকত্ব ফিরে পাওয়ার ধাপেও জনসমাজে বন্ধুর মতো প্রথম আলো উত্তর আমেরিকা তথ্য দিয়ে, উদ্দীপনা দিয়ে পাশে থেকেছে। যারা মহামারির সময় নিজেদের জীবন বিপন্ন করে কাজ করেছেন তাদের চিহ্নিত করেছে প্রথম আলো। ঢালাও ' সম্মাননা' না জানিয়ে যারা মহামারির সময় অনন্য ভূমিকা রেখেছেন, তাদের কর্ম ও আত্মত্যাগের সাহাসী উদ্যোগকে সামনে তুলে ধরেছিল প্রথম আলো। যেকোনো বিবেচনায় মহামারির সময়ে প্রথম আলো উত্তর আমেরিকা এবং এর সাথে সংশ্লিষ্ট লেখক সাংবাদিকরা সময়ের সেরা কাজ করেছেন। তাদের এসব কর্ম গ্রন্থিত হয়েছে " মহামারি করোনা : ডেটলাইন নিউইয়র্ক " গ্রন্থে।

১৯ মে ব্রুকলিন মেলায় প্রথম আলো উত্তর আমেরিকাকে আয়োজকরা সম্মাননা জানানোর পর ব্রুকলিনে বসবাসরত কামাল হোসেন উচ্ছ্বাস প্রকাশ করেছেন। তিনি বলেছেন, আমাদের কমিউনিটিতে যাকে তাকে ক্রেস্ট দেয়া একটা বাণিজ্যিক বিষয় বলে মনে করা হয়। মেলার আয়োজকরা প্রথম আলো উত্তর আমেরিকাকে সম্মাননা প্রদান করায় তাদের বাহবা দিতে হচ্ছে বলে তিনি উল্লেখ করেন। কুইনস থেকে মেলায় যোগ দিয়েছিলেন আফসানা খানম। সিলেট অঞ্চলের এ প্রবাসী তাঁর প্রতিক্রিয়ায় বললেন, সব ভালোর সাথে প্রথম আলো- এবার মেলা আয়োজকরাও ভালোকে চিহ্নিত করতে পেরেছেন দেখছি!

জামাইকায় বসবাসরত এডভোকেট জয় আচার্য্যি বলেছেন, প্রবাসে যখন সবাই - আমি আমি, করেন- তখন পথম আলোকেই 'আমরা' বলতে দেখি। আইনজীবী এ প্রবাসী প্রথম আলো উত্তর আমেরিকার ক্রমাগত সাফল্য কামনা করে মান সম্পন্ন সাংবাদিকতা নিয়ে ক্রমাগত জনসমাজের পাশে থাকার আহ্বান জানান।

প্রথম আলো উত্তর আমেরিকাকে বাংলাদেশিদের সর্ববৃহৎ মেলায় সম্মাননা জানানোয় উদ্যোক্তাদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন পত্রিকাটির সম্পাদক ইব্রাহীম চৌধুরী। তিনি বলেছেন, প্রথম আলোর উত্তর আমেরিকার কোন কাজই একক কারো কাজ বলে বিবেচিত হয় না। যৌথ সাফল্যের সমস্ত প্রয়াসে জড়িত থাকেন সব পর্যায়ের কর্মীরা, এমনকি যিনি পত্রিকাটি পৌঁছে দেন দোকানে দোকানে - তিনিও কম কিছু করেন না অন্যদের চেয়ে। তিনি প্রথম আলো উত্তর আমেরিকার সাথে জড়িত সব লেখক, সাংবাদিকসহ সমস্ত কর্মীদের জন্য এ সম্মাননা অনুপ্রেরণার কাজ করবে বলে উল্লেখ করেন। ইব্রাহীম চৌধুরী বলেছেন, শুধু প্রথম আলো সংশ্লিষ্ট লেখক সাংবাদিকরা নয়- মহামারির সময়ে বাংলা সংবাদমাধ্যমের অনেকেই সক্রিয় থেকে কাজ করেছেন। তাদের এ অনন্য ভূমিকা দূর দেশেও বাংলা সাংবাদিকতাকে সমৃদ্ধ করেছে বলে তিনি উল্লেখ করেন।

SECURITY CAMERA

আপনার বাসা, ব্যবসা প্রতিষ্ঠান ও কর্মস্থলে সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে, দেশ-বিদেশে যেখানেই থাকুন বাসায় বসে আপনার মোবাইল ফোনে লাইভ ভিডিও দেখুন

কোন মাসিক ফি ও হিডেন চার্জ নেই।
আমরা সবসময় ফোন রিসিভ করি

কম্পিউটার রিপিয়ার, সাউন্ড সিস্টেম ও অফিস নেটওয়ার্ককিং এর কাজ করি।

PH-929-257-2015

JOY SECURITY SYSTEM INC
170-05 Hillside Ave Jamaica, NY-11432

জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্

ট্যাক্স
- পারসনাল ট্যাক্স
- বিজনেস ট্যাক্স
- সেলস ট্যাক্স
- বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন
- ফ্যামিলি পিটিশন
- সিটিজেনশীপ আবেদন
- গ্রীণকার্ড নবায়ন
- সব ধরনের এফিডেভিট

আলম ট্যুর এন্ড ট্রাভেলস

AIR TICKET

-Emirates - Qatar Airways - Etihad Airways - Turkish Airlines - Saudia & More

(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

Immigrant Elder Home care LLC

ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘণ্টা ২৯.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

ARMAN CHOWDHURY, CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নিখুঁতভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

7 DAYS OPEN

718-475-5686

বাংলায় ফুড স্ট্যাম্প সেবা চালু করল হাঙ্গার ফ্রি এনওয়াইসি

মনজুরুল হক



বাংলা ভাষাভাষী গ্রাহকদের বাংলা ভাষায় সেবা প্রদান করার ঘোষণা দিয়েছে হাঙ্গার ফ্রি এনওয়াইসি। এর মাধ্যমে প্রতিষ্ঠানটি আশা করছে, নিউইয়র্ক সিটির ক্রম বর্ধমান বাংলাভাষী জনগোষ্ঠীর মধ্যে যাদের খাদ্য সরবরাহে সমস্যা হতে পারে তাদের আওতায় আনা যাবে।

হাঙ্গার ফ্রি এনওয়াইসি হলো হাঙ্গার ফ্রি আমেরিকার একটি শাখা প্রতিষ্ঠান। সংগঠনটি ইতোমধ্যেই স্পেনীয়, কানটনীয় ও মান্ডারিন ভাষাভাষী গ্রাহকদের সেবা দিচ্ছে। সম্প্রতি বাংলা ভাষাভাষীও তাদের কার্যক্রমে যুক্ত হলো।

হাঙ্গার ফ্রি এনওয়াইসি গ্রাহকদের সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসটেন্স প্রোগ্রাম (এসএনএএফ) আবেদনের প্রতিটি ধাপে সহায়তা করে থাকে। এই সিস্টেমটি মানুষের পক্ষে অনেক সময় জটিল এবং যাদের ইংরেজি প্রথম ভাষা নয়, তাদের জন্য এটি আরও কঠিন হতে পারে।

হাঙ্গার ফ্রি এনওয়াইসির বেনিফিট অ্যাক্সেস ডিরেক্টর ডেনিস ফের্নান্ডেজ বলেন, হাঙ্গার ফ্রি এনওয়াইসি সবার জন্য ক্ষুধা দূর করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। আমরা নিউইয়র্ক সিটির সমস্ত নিম্ন আয়ের বাসিন্দাদের জন্য গুণগত মানের পরিষেবা প্রদানের গুরুত্বের ওপর গুরুত্বারোপ করি। তিনি আরও বলেন, আমাদের বিভাগের বিভিন্ন ভাষায় সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসটেন্স প্রোগ্রাম আবেদন সহায়তা প্রদানের সামর্থ্য নিউইয়র্ক সিটির বৈচিত্র্যপূর্ণ জনগোষ্ঠীকে সহায়তা করা আমাদের অঙ্গীকারের পরিচায়ক। আমরা খাদ্য নিরাপত্তাহীন মানুষদের সম্মুখীন চ্যালেঞ্জগুলি বুঝতে পারি। আমাদের বেনিফিট বিশেষজ্ঞ টিম প্রক্রিয়ার প্রতিটি ধাপে একটি সম্মানজনক অভিজ্ঞতা প্রদান করে, যাতে নিউইয়র্ক সিটির নিম্ন আয়ের বাসিন্দারা তাদের প্রয়োজনীয় সুবিধাগুলি পেতে পারেন।"

বাংলা ভাষায় খাদ্য সহায়তা প্রয়োজন হলে, হাঙ্গার ফ্রি এনওয়াইসিকে (646) 540-7417 নম্বরে কল করতে বলা হয়েছে। তাছাড়া হাঙ্গার ফ্রি এনওয়াইসির ওয়েবসাইটে hungerfreenyc.org ভিজিট করেও খাদ্য সহায়তা পাওয়া যাবে।

এই গ্রীষ্মে

শেষ পৃষ্ঠার পর

রেকর্ড ভেঙ্গেছি, যেখানে বেকারত্বের হার ৪.৮ শতাংশে নেমে এসেছে। ইক্যুইটি ফ্রন্টে, ইতিবাচক খবরও রয়েছে। কৃষ্ণাঙ্গ বেকারত্ব ২০২২ সালের শুরু থেকে ২৬ শতাংশ কমেছে, পাঁচ বছরের মধ্যে যা সর্বনিম্ন স্তরে। নিঃসন্দেহে আমাদের অর্থনীতি ভালোর দিকে যাচ্ছে।আমরা আমাদের কৃতিত্বগুলি গড়ে তুলতে এবং সবাইকে আরও সুযোগ দেওয়ার জন্য নিবেদিত। এই কারণে নিউ ইয়র্কবাসীদের কর্মসংস্থান খুঁজে পেতে সাহায্য করার জন্য আমরা আমাদের "স্প্রিং জবস স্প্রিন্ট" চালু করছি।'

অপেক্ষায় দাঁড়িয়ে না থেকে মানুষের কাছে চাকরি পৌঁছে দিচ্ছেন অ্যাডামস্ প্রশাসন। তিনি বলেন, 'পাবলিক এবং বেসরকারী খাতে কর্মসংস্থানের সম্ভাবনা বাড়াতে আমরা পাঁচটি বরো জুড়ে হল ভাড়ার আয়োজন করেছি। আমরা সম্প্রতি "রান দিস টাউন" নামে একটি মাল্টি-মিডিয়া বিজ্ঞাপন প্রচারও শুরু করেছি, যার লক্ষ্য বিভিন্ন নিউ ইয়র্কবাসীকে যুক্ত করা এবং সিটি গভর্নমেন্টে শত শত উন্মুক্ত পদের জন্য শহরবাসীদের আবেদন করতে সহায়তা করা।' কর্মসংস্থানের সম্ভাবনার প্রতিবন্ধকতা কমাতে এবং বেকারত্বের উচ্চ হার সহ এলাকায় কর্মশক্তি উন্নয়ন পরিষেবা প্রদানের জন্য, একটি বহুমুখী শহরব্যাপী উদ্যোগ "জবস এনওয়াইসি" প্রবর্তনের পরেই এই ঘোষণা আসে।

'আমাদের মেয়ে আমাদের গর্ব'

শেষ পৃষ্ঠার পর

নুসরাতকে ফেডারেল জাজ হিসেবে নিয়োগ দেয়ার জন্য প্রেসিডেন্ট বাইডেনের কাছে প্রস্তাব দেন, ২০২২ সালের জানুয়ারি মাসে জো বাইডেন তাকে ফেডারেল জাজ হিসেবে মনোনীত করেন এবং ২০২৩ সালে সেই মনোনয়ন নিশ্চিত করা হলে নিউইয়র্ক থেকে বাংলাদেশ পর্যন্ত সকল মানুষের মধ্যে আনন্দের বন্যা বয়ে যায়। অবশেষে ২০২৪ সালের ১০ মে তার শপথ গ্রহণ অনুষ্ঠিত হয় যেখানে উপস্থিত থাকার সৌভাগ্য আমার হয়েছিল।

যুক্তরাষ্ট্রের আপীল কোর্টের সিনিয়র সার্কিট জাজ সম্মানিত বারিংটন ডি পার্কার নুসরাত চৌধুরীকে শপথ গ্রহণ করানোর পর তার পরিবার- মা নাফিসা চৌধুরী, দুই ভাই আরিফ চৌধুরী ও সাইফ চৌধুরী, স্বামী মাইক আর্লি এবং তার এক বছর বয়েসী পুত্র রাফি আর্লি চৌধুরী সম্মিলিতভাবে তাকে ফেডারেল জাজের রোব অর্থাৎ গাউন পরিয়ে দেন। শপথ গ্রহণের আগে এবং পরে বিচারক নুসরাত চৌধুরীর এই গৌরবময় অর্জন নিয়ে বক্তব্য রাখেন বিচারক প্যামেলা কে চেন, প্রেসিডেন্ট বাইডেনের প্রাক্তন বিশেষ সহকারী পেইজ হারউইগ, সিনেটর চার্লস ই শুমার, সাইফ চৌধুরী, আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের লিগ্যাল ডায়রেক্টর ডেভিড কোল সহ আরো অনেকে।

আমেরিকার অত্যন্ত গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় পদে অধিষ্ঠিত সম্মানিত ব্যক্তিদের বক্তব্য শুনতে শুনতে আমি বুঝতে পারি আমরা যে নুসরাতকে জানি- যে নুসরাত আমাদের মেয়ে, আমাদের আত্মীয়, আমাদের পরিবারের এবং জাতির গর্ব, সেই নুসরাত আমাদের ধারণার চেয়েও অনেক উপরে, অনেক বেশি বড় একজন মানুষ। বিচারক চেন বলেন ১৭৮৯ সালে জুডিশিয়ারি আইন দ্বারা যুক্তরাষ্ট্রের ফেডারেল কোর্ট সিস্টেম প্রতিষ্ঠিত হবার প্রায় ২৩৫ বছর পর এই প্রথম একজন মুসলিম নারী অথবা বাংলাদেশী আমেরিকান ব্যক্তি ফেডারেল জাজ হিসেবে নিয়োগ পেলেন- এই হিসেবে নুসরাত বাস্তবিক অর্থেই ইতিহাস রচনা করেছেন।

২০০৬ সালে একই বছরের মধ্যে একাধারে প্রিন্সটন বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ইন পাবলিক এডমিনিস্ট্রেশন এবং ইয়েল ল' স্কুল থেকে জুরিস ডক্টর অর্জন করার পর ২০০৮ সাল পর্যন্ত নুসরাত বিচারক ডেনিস কোট এবং বিচারক বারিংটন ডি পার্কারের ল' ক্লার্ক হিসেবে কাজ করেন। এরপর দীর্ঘ একযুগ ধরে আমেরিকান সিভিল লিবার্টিজ ইউনিয়নের জাতীয় নিরাপত্তা প্রোজেক্ট এবং জাতিগত ন্যায়বিচার প্রোগ্রামের স্টাফ এটর্নি হিসেবে এবং পরবর্তীতে এই প্রতিষ্ঠানের লিগ্যাল ডায়রেক্টর হিসেবে দায়িত্ব পালন করেন।

সম্মানিত চার্লস শুমার যথার্থই বলেন- একজন বিচারকের মধ্যে নিরপেক্ষতা, মুক্তমন এবং আইনি প্রক্রিয়ায় উদ্ভুত জটিল সমস্যাসমূহের উপর পরম দখল থাকতে হয় এবং বিচারক নুসরাত ঠিক সে ধরনেরই একজন মানুষ যিনি এই গুরুদায়িত্ব যথোপযুক্ত ভাবে পালন করতে পারবেন কারণ আইন পাশ করার পর চাইলেই তিনি প্রচুর অর্থ উপার্জন করতে পারতেন, কিন্তু তার পরিবর্তে তিনি মানুষের মঙ্গলের জন্য কাজ করার পথ বেছে নিয়েছেন। তিনি ভেটেরান এবং অভিবাসীদের জন্য কাজ করেছেন, দেশ জুড়ে বিভিন্ন শহরে পুলিশি কর্মকাণ্ডের উন্নতির জন্য আইন প্রয়োগকারী বিভাগের সাথে কাজ করেছেন। শুমার বলেন, 'She dedicated her career to protecting the rights of the downtrodden and making sure that all people- from the privileged to the impoverished- can have their voices heard.' তিনি আরো বলেন- বাংলাদেশী কমিউনিটি হচ্ছে নিউইয়র্কের সবচেয়ে দ্রুততম বাড়তে থাকা, সবচেয়ে প্রাণবন্ত এবং চমৎকার কমিউনিটিগুলোর মধ্যে অন্যতম এবং তিনি আশা ও বিশ্বাস করেন যে এই কমিউনিটির আরো অনেকেই নুসরাতের পদাঙ্ক অনুসরণ করবেন।

বাংলাদেশের ই-পাসপোর্টের অনলাইন আবেদন প্রসেস করা হয়
অস্ট্রেলিয়া, কানাডা, বৃটেন, সেনজেন, চায়না, ইন্ডিয়া, আমিরাত (দুবাই)সহ সৌদী আরবের ভিসা আবেদনে সহায়তা করা হয়
SAUDI (UMRAH) | UAE (DUBAI) | Old Club Man (718) 724-9688 | EUROPE | BANGLADESH
16308 HILLSIDE AVE, JAMAICA, NY 11432
CANADA | AUSTRALIA | NEW ZEALAND | UK (LONDON) | BRAZEL | CHINA | THAILAND | INDIA

ভিজিট বা ষ্টুডেন্ট অথবা ট্রানজিট বা অন্য যে-কোন ভিসায়
কিংবা মেক্সিকো বর্ডার দিয়ে আমেরিকায় আগতদের বৈধতার বিষয়ে ফ্রি পরামর্শ
এসাইলাম এর মাধ্যমে ৭ মাসের মধ্যে ওয়ার্ক পার্মিট ও সোসাল সিকিউরিটি'র ১০০% নিশ্চয়তা
E2 | EB3 | L1A | EB5 | SIJS | VAWA | POLITICAL ASYLUM
আমেরিকান সিটিজেন বিয়ে করার পরও যদি গ্রীনকার্ড পেতে সমস্যায় পড়ে যান - নিশ্চিন্তে চলে আসুন আমাদের কাছে। আমরা গ্রীনকার্ড এপ্লিকেশনও প্রসেস করি। স্পাউসের অসহযোগীতায় গ্রীনকার্ড থেকে কন্ডিশন রিমোভ করতে সমস্যা হলে আমাদের সাথে যোগাযোগ করুন। মনে রাখবেন, আপনাকে গ্রীনকার্ড আপনার স্বামী বা স্ত্রী দেয়নি, দিয়েছে ইউএসসিআইএস। সুতরাং আপনার গ্রীনকার্ড রিভোক করার কোন ক্ষমতা-ই আপনার স্পাউসের নেই। বিয়ের মাধ্যমে পাওয়া কন্ডিশনাল গ্রীনকার্ডটি পারিবারিক সমস্যা বা অশান্তি অথবা কোন ভুলের কারণে টিকিয়ে রাখা ঝুঁকিপূর্ণ হলে নিশ্চিন্তে আমাদের সাথে কথা বলুন।
এসাইলাম | ওয়ার্ক পার্মিট (EAD) | সোসাল সিকিউরিটি (SSN) | ভাওয়া (VAWA) | গ্রীনকার্ড | সিটিজেনশীপ
ইবি-থ্রি (এমপ্লয়মেন্ট বেইজড গ্রীনকার্ড) ভিসায় এডজাস্টমেন্ট বা বাংলাদেশে বসবাসরতদের ইবি-থ্রি'তে আমেরিকায় নিয়ে আসতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নিজস্ব কোম্পানী রেজিস্ট্রেশন, নিজ নামে ইআইএন প্রাপ্তি ও ব্যাংক একাউন্ট; এবং নতুন ব্যবসা শুরু করতে যাবতীয় সহায়তা করি।
আমেরিকায় নতুন এসে থাকলে আমাদের সংগে অন্তত একবার কথা বলুন -
গ্যারান্টি দিচ্ছি এদেশে আপনার চলার পথ অনেকটাই মসৃণ ও সহজ হয়ে উঠবে
(718) 839-5812 টেক্সট করুন, আমরা কল ব্যাক করবো
163-10 HILLSIDE AVE, JAMAICA, NY 11432

গৌরবের স্মারক মুরারিচাঁদ কলেজের ঐতিহ্য সংরক্ষণ

শেখর ভট্টাচার্য

ঐতিহ্য নিয়ে সব চেয়ে সুন্দর ও সহজবোধ্য কথা বলেছেন ইংরেজ কবি টি এস ইলিয়ট। বৃক্ষের সাথে তিনি তুলনা করেছেন ঐতিহ্যকে। বৃক্ষের সমস্ত শক্তি যেমন শেকড়ে সঞ্চিত থাকে, একটি সমাজেরও সকল নান্দনিক সৌন্দর্যের উৎস লুকিয়ে থাকে ঐতিহ্যের মধ্যে। বৃক্ষ যেমন শেকড়চ্যুত হয়ে বেঁচে থাকতে পারেনা, সমাজও ঐতিহ্য বিস্মৃত হয়ে পথ হারা হয়ে পড়ে। শুধু পথকেই হারায়না, ঐতিহ্য হারিয়ে সভ্যতার পথ থেকেও দূরে সরে আসে। আমরা মাটির উপর থেকে বৃক্ষকে নানা রূপে দেখতে পাই। পত্র পল্লবে সুশোভিত।মাটির নিচে শেকড়ের সাহায্যে প্রাণরস সংগ্রহ করে বৃক্ষ সুশোভিত হওয়ার সুযোগ পায়। বৃক্ষের পত্র, পল্লব, ডালপালা দৃশ্যমান থাকে, তাই আমাদের প্রখর দৃষ্টি থাকে বৃক্ষের বহিরাঙ্গের দিকে। শেকড়চ্যুত হলে প্রাণরস সঞ্চয় করতে না পেরে ধীরে ধীরে প্রানহীন হয়ে পড়ে বৃক্ষ। একটি সমাজ ততক্ষণই নিজেদেরকে সভ্য বলে দাবি করতে পারে যতক্ষণ গৌরবময় ঐতিহ্যকে বুকে ধারণ করে গতিশীল থাকে। ঐতিহ্য একটি জাতির প্রবহমান জীবনধারার গৌরবময় অনুভূতি, যা দিয়ে প্রজন্মের পর প্রজন্ম নিজদেরকে সভ্যতার পথে এগিয়ে নিয়ে যেতে অনুপ্রাণিত বোধ করে।

ঐতিহ্যকে ধারণ করে এগিয়ে যাওয়া অনেকটা রিলে রেসের মতো। রিলে রেসে যেমন হাতের বাটন একজনের কাছ থেকে আর একজনের হাতে হস্তান্তর করতে হয়, ঐতিহ্যকেও একই ভাবে পূর্ব প্রজন্মকে উত্তর প্রজন্মের কাছে সযত্নে হস্তান্তর করতে হয়। কাজটি পূর্ব প্রজন্মকেই করতে হয়। নতুন প্রজন্ম যাতে নিজের পূর্বপুরুষের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতি সম্পর্কে জানতে পারে। এতে করে আত্মপরিচয়ের সংকট দূরীভুত হয়ে আদর্শ জাতিসত্তার বিনির্মাণ সম্ভব হয়। এ'কাজটি করতে ব্যর্থ হলে নব প্রজন্ম তাদের গর্ব এবং অহংকারের অতীত ঐতিহ্য বিস্মৃত হবে।

ঐতিহ্য নিয়ে এসব কথা বলার একটি উদ্দেশ্য আছে। মনটি বিষন্ন হয়ে আছে একটি সংবাদ জেনে। সম্প্রতি বাংলাদেশের অন্যতম প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠাণ মুরারিচাঁদ মহাবিদ্যালয়ের অনন্য স্থাপত্য শৈলী সম্পন্ন কিছু ভবনকে অযত্নে অবহেলায় এমন ভাবে রাখা হয়েছে যাতে করে স্থাপনার প্রাণশক্তি ধীরে ধীরে নিঃশেষ হয়ে ধ্বংসপ্রাপ্ত হয়।এ'ভাবেই আমাদের অতীত ঐতিহ্যকে নানারকম উদ্দেশ্য নিয়ে আমরা ধ্বংস করতে উদ্যত হই।

বাংলাদেশের প্রাচীন মহাবিদ্যালয় গুলোর অন্যতম সিলেট মুরারিচাঁদ কলেজ। হালের নাম মুরারিচাঁদ বিশ্ববিদ্যালয় কলেজ, সংক্ষেপে এমসি কলেজ।

১৮৯২ সালে রাজা গিরীশচন্দ্র রায়ের আন্তরিক প্রচেষ্টা ও ঐকান্তিক আর্থিক আনুকুল্যে মুরারিচাঁদ কলেজ প্রতিষ্ঠিত হয়। এই ঐতিহ্যবাহী কলেজটি শতবর্ষ অতিক্রম করে এখন সার্ধশতবর্ষের দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে। যে কোন ভৌতিক স্থাপনা নির্মানের সময় খুব স্বাভাবিক ভাবে এর নকশা প্রণয়ন করা হয় নির্দিষ্ট ভৌগোলিক অঞ্চলের জলবায়ু, মাটির প্রকৃতির কথা বিবেচনা করে। নির্মান সামগ্রীও ব্যবহার করা হয় ঐ ভৌগোলিক অঞ্চলের সামগ্রীক আবহাওয়া এবং জলবায়ুর কথা মাথায় রেখে। তৎকালীন শ্রীহট্ট, রবীন্দ্রনাথের শ্রীভূমি, বর্তমান সিলেটের জলবায়ু, মাটি এবং অন্যান্য ভৌগোলিক বৈশিষ্ঠ ভারতের আসাম রাজ্যের সাথে সাদৃশ্যপূর্ণ। মূলত সিলেট এবং ভারতের আসাম প্রদেশ একই ভৌগোলিক বৈশিষ্ঠপূর্ণ অঞ্চলে অবস্থিত। ১৭৭২ সালের ১৭ মার্চ সিলেট জেলা প্রতিষ্ঠিত হয়। ১৮৭৪ সাল পর্যন্ত সিলেট জেলা ছিল ঢাকা বিভাগের অন্তর্ভুক্ত। ঐ বছরের ১২ সেপ্টেম্বর নবসৃষ্ট আসাম প্রদেশের সাথে সিলেটকে সংযুক্ত করা হয়। ১৯৪৭ এর পূর্ব (১৯০৫-১৯১১) পর্যন্ত বঙ্গভঙ্গ সময়ের কাল টুকু বাদ দিয়ে) সিলেট আসামের অংশ ছিল।

মুরারিচাদ কলেজের ভবন গুলো নির্মানের সময় খুব স্বাভাবিক ভাবে "অনন্য" আসাম স্থাপত্য শৈলী অনুসরন করে নির্মান করা হয়। ১৮৭২ সালে স্থাপিত ঐতিহ্য বাহী এই কলেজের স্থাপত্য শৈলী এই অঞ্চল তথা বাংলাদেশের শতাধিক বছরের গৌরবের স্মৃতি বহন করে চলছে। ছোট ছোট টিলার উপর মনোরম পরিবেশে স্থাপিত এই কলেজটির প্রাকৃতিক অবস্থান বাংলাদেশের অন্যান্য ঐতিহ্যবাহী কলেজ গুলো থেকে ভিন্ন। প্রকৃতির অপার সৌন্দর্য কলেজটিকে এক অনিন্দ্য সুন্দর রূপ প্রদান করেছে।

এমসি কলেজের ভূমির পরিমান জানলে

বিস্মিত হতে হয়। বাংলাদেশের নব প্রতিষ্ঠিত অনেক পাবলিক বিশ্ববিদ্যালয়েও এতোটুকু ভূমি নেই। কলেজেটির মোট ভূমির পরিমান ১৪৪ একর। এই ১৪৪ একর ভূমির উপর স্থাপিত বিভিন্ন ভবনের মধ্যে দুটি ভবনকে ব্যবহার না করে অযত্নে অবহেলায় ফেলে রাখা হয়েছে।সংরক্ষণ কিংবা মেরামতের উদ্যোগ না নিয়ে অকার্যকর হিসেবে ভবন দুটি পড়ে রয়েছে। এই দুইটি ভবন বাংলা ও সমাজবিজ্ঞানের ভবন হিসেবে পরিচিত।ভবন দুটি সিলেট অঞ্চলের অসাধারণ স্থাপত্য শৈলী যাকে আসাম ঘরানার ঐতিহ্যের অনন্য নিদর্শন বহন করে চলেছে।

সভ্যতার, ঐতিহ্যের স্মারক এই ভবন দুটিকে যদি নির্মান শৈলী ঠিক রেখে সংরক্ষণ করা না হয় তাহলে অচিরেই আমাদের ঐতিহ্য ও গৌরবের স্মারক ভবন দুটি মাটিতে মুখ থুবড়ে পড়বে। মুরারিচাঁদ কলেজের শুধু মাত্র এই দুটি ভবন নয়, এই কলেজের আরও অনেক নান্দনিক ভবন রয়েছে যে গুলো যথা শীঘ্র সংরক্ষণ, মেরামতের প্রয়োজন রয়েছে। ভবন গুলো হলো ভিক্টোরিয়ান স্থাপত্য রীতিতে নির্মিত কলা ভবন ও লাইব্রেরি ভবন; উঁচু টিলার উপর স্থাপিত কলেজের দাপ্তরিক কার্যালয়, অধ্যক্ষের বাসভবন ও কেন্দ্রীয় খেলার মাঠের গ্যালারী।এই স্থাপনা গুলোও শতবর্ষের ইতিহাস ধারণ করে এখনও দাঁড়িয়ে আছে। এই অনন্য নির্মাণশৈলীর ভবন সমূহ মুরারিচাঁদ কলেজের নাদনিক সৌন্দর্যের অবিচ্ছেদ অংশ। এসব প্রাচীন স্থাপনাসমূহ যথাযথ ভাবে সংরক্ষণ করা না হলে সিলেটের ইতোমধ্যে নিশ্চিহ্ন হওয়া অনেক ঐতিহ্যবাহী স্থাপনার মতো এসব অমূল্য স্থাপনা গুলোকেও আমরা চিরতরে হারিয়ে ফেলবো।

ঐতিহ্য সংরক্ষণ নিয়ে বরেণ্য শিক্ষাবিদ অধ্যাপক আব্দুল্লাহ আবু সায়ীদের খুব চমৎকার কিছু কথা আছে। আধ্যাপক সায়ীদ যাকে বিশ্বসাহিত্যে কেন্দ্রের প্রতিষ্ঠাতা এবং আলোকিত মানুষ গড়ার কারিগর হিসেবে সর্বস্তরের মানুষ শ্রদ্ধা করেন তিনি বলেছিলেন, 'প্রতিটি প্রজন্মের কাছে সময়ের একটি দাবি থাকে। আর সে দাবিটি হলো ইতিহাসের অন্তরাল থেকে গৌরবের ও ঐতিহ্যের স্মৃতিগুলো তুলে এনে নতুনদের কাছে পৌঁছে দেওয়া। কাজটি ঠিকভাবে করা গেলে বাঙালি সংস্কৃতি ভালোবাসতে আমাদের সন্তানদের ওপর আর বল প্রয়োগ করতে হবে না।' সময়ের দাবি হিসেবে বহমান কালে আমাদের সকলের কর্তব্য হলো মুরারিচাঁদ কলেজ সহ বাংলাদেশের অন্যান্য শিক্ষাঙ্গন এবং যে কোন অঙ্গনে অতীত ঐতিহ্যের যতো স্মারক আছে সব স্মারক গুলোকে যথাযথ সংরক্ষণ করা।

ঐতিহ্য সংরক্ষণের বিষয়ে সচেতন নাগরিকবৃন্দ সব চেয়ে বেশি আগ্রহ নিয়ে তাকিয়ে থাকেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দিকে কারণ এই মন্ত্রনালয়ের অধীণ প্রত্নতত্ত্ব অধিদপ্তর সংরক্ষণের কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত। যেহেতু ঐতিহ্যবাহী মুরারিচাঁদ কলেজটি শিক্ষা মন্ত্রনালোয়ের অধীন তাই তাদেরও জোর তৎপরতার প্রয়োজন রয়েছে। ইতিহাস, ঐতিহ্য মূল্যহীন বিষয় হিসেবে বিবেচিত হয়ে থাকে সভ্যতা বিমুখ জাতির কাছে।অসচেতন নাগরিক সমাজও ঐতিহ্য সংরক্ষণে নিস্পৃহ ভাব প্রদর্শন করে থাকেন। আনন্দের বিষয় সিলেটের নাগরিক সমাজ এ'বিষয়ে যথেষ্ট তৎপর রয়েছেন। নাগরিক সমাজের অগ্রসর অংশ ইতোমধ্যে সংগঠিত হয়ে মুরারিচাঁদ কলেজের ঐতিহ্যবাহী ভবন গুলোকে সংরক্ষণের জন্য সচেতনামূলক সভা চালিয়ে যাচ্ছেন। এ'ছাড়াও দেশ বিদেশে অবস্থানরত এমসি কলেজের প্রাক্তন শিক্ষার্থীরা ঐতিহ্যবাহী ভবন গুলো সংরক্ষোণের জন্য কলেজ অধ্যক্ষের সাথে মত বিনিময় করেছেন। নাগরিক সমাজ বা সিভিল সোসাইটির পক্ষ থেকে এমসি কলেজের ঐতিহ্য সংরক্ষণের সকল কর্মকান্ডের সমন্বয় সাধনের কাজ কড়ে যাচ্ছেন "পরিবেশ ও ঐতিহ্য সংরক্ষণ ট্রাস্ট," সিলেট।মুরারিচাঁদ কলেজের ঐতিহ্যবাহী ভবন গুলো সংরক্ষণের জন্য ইতোমধ্যে নাগরিক সমাজের মধ্যে দল মত নির্বিশেষে এক অসাধারণ ঐক্য মতের সৃষ্টি হয়েছে।

নাগরিক সমাজ অগ্রাধকার ভিত্তিতে অযত্নে পড়ে থাকা 'আসাম ঘরানার অনন্য ঐতিহ্য' এর নিদর্শন বহনকারী বাংলা ও সমাজবিজ্ঞানের ভবন দুটি দ্রুত সংরক্ষণের দাবি উত্থাপন করছেন। কারণ এই দুইটি ভবনকে জরুরি ভিত্তিতে সংরক্ষণ করা না গেলে আমরা আমাদের গৌরব করার মতো স্থাপনা গুলো চিরদিনের জন্য হারিয়ে ফেলবো। মনে রাখতে হবে ভবন গুলোকে উদ্দেশ্যমূলক ভাবে অযত্নে অবহেলায় ফেলে রেখে, ধংসের দিকে এগিয়ে দেয়া নাগরিক সমাজ এবং সরকারের উচিত হবেনা। এমসি কলেজে নুতন ভবন নির্মানের প্রয়োজন হলে কলেজটির বিপুল পরিমান অব্যবহৃত জায়গায় তা' নির্মান করা যেতে পারে। শিক্ষা মন্ত্রণালয়য়, সংস্কৃতি মন্ত্রণালয় এবং কলেজ কতৃপক্ষের উচিৎ এমসি কলেজের সকল ঝুঁকিপূর্ণ ঐতিহ্য বহনকারী ভবনগুলোকে জরুরি ভিত্তিতে সংরক্ষণ করার পরিকল্পনা গ্রহণ করা। ভবন সংরক্ষণের সময় নির্মান শৈলীকে অক্ষত রাখার কথা বিবেচনায় রাখতে হবে। আমরা সকলে মিলে এ'কাজটি করতে পারলে প্রজন্মের পর প্রজন্ম সভ্যতাকে আলোর পথে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব হবে। এ'কাজটি করতে ব্যর্থ হলে ইতিহাস, প্রজন্ম, এবং জাতির কাছে দায়িত্বশীল সরকার যেমন দায়ি থাকবেন একই ভাবে সচেতন নাগরিক সমাজও এর দায় এড়িয়ে যেতে পারবেন না।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI AL, DFS MI, OFAF GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1998739

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত সেবার জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
ASTORIA 718-777-2001
ATLANTA 770-936-9996
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-687-6662
BRONX 718-822-1661
JAMAICA 347-644-5150
MANHATTAN 212-888-0700
MICHIGAN 313-388-3845
OZONE PARK 347-829-3979
PATERSON 973-595-7560
আমাদের সার্ভিস ফিস – আপনাকে কোন কমার্স চার্জেস দিতে হবে না

LEGAL NETWORK
INTERNATIONAL, LLC

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির
সবচেয়ে আলোচিত, পরিচিত এবং
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ইমিগ্রেশন/ এসাইলাম সেন্টার:
গ্রিন কার্ড ও নাগরিকত্ব



অর্ধ শতাধিক ATTORNEY এবং
CPA দের সমন্বয়ে গড়া

ALL SERVICE PROVIDED BY ATTORNEYS ADMITTED IN STATE & FEDERAL COURT, CPA, P.E ARCHITECT AND LICENSED PROFESSIONALS.

৩৭-৪৮-৭২ স্ট্রিট ২ তালা জ্যাকসন হাইটস নিউ ইয়র্ক ১১৩৭২
ফোন: ৯১৭-৭২২-১৪০৫,৯১৭-৭২২-১৪৮
www.legalnetworkusa.com

নদী জল-জংলার আরেক বাংলাদেশ

দীপংকর গৌতম

ফিরে যাও শিশিরজল
এখানে শুকানো হারানো নদী উৎসব হবে
হাঙরের মতো আসবে বুলডোজার ভাঙবে
নিয়ম মাফিক কিছু স্থাপনা- বুক পকেট ভরা জলাধার
আনা হবে মহাফেজখানা থেকে। সেখানে ভাঙাচোড়া হবে- আবার যাহা ৫২ তাহা ৫৩ থাকবে
আমরা করতালি দেব এই উদ্ধার কাজে। তারপরও
সব মুখস্ত দৃশ্য ঝুলবে চোখের পাতায়
ঘারানো জলাধারগুলো বেড়াতে আসবে পার্কেও জুটির মতো
তবু রক্ষা নেই তোমার-থাপ বাড়বে
আবহাওয়া অফিস শোনাবে নতুন সতর্কবার্তা
জল, ছায়াতী বৃক্ষ কাটা চলবে-উন্নয়নের বাল্যশিক্ষা
পড়াবে সেই পুরানো পাঠ
হারানো নদী উৎসব চলবে-বৃষ্টি হবে, বিক্রি বাড়বে
যান্ত্রিক শীতলতার
ফিরে যাও শিশির জল এখানে মৃত দখকৃত নদী উৎসব হবে।নিরুদ্দেশ হবে পাখি,
নদী জল-জংলার আরেক বাংলাদেশ
আমরা গেয়ে যাবো- '
'এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি'

হিমাদ্রি ও পোড়া বেদনা

আশরাফ হাসান

বন্ধক রেখেছি এ-বুকে দেশলাই-হৃদয়
পুড়তে পারি পোড়াতে পারি
পোড়ে পোড়ে অঙ্গার হবে এ-দেহ
পাঁজরের প্রাসাদ ধনকুবের-গৃহ
শাদ্দাদের বেহেশত, ক্যাসিনোর ঘাট বেজেদের বাড়ি
পোড়াতে পারি সারি-সারি বসত
নাগিনীর হাঁটাপথ ঝোপঝাড়.
বেহায়া ওষ্ঠকেলিতে ঠোঁট রেখে জ্বেলে দিতে পারি
নদীদের রুপালি সন্ত্রাস

অবৈধ ইটভাটার মতো পোড়া বেদনা-
হিমরৌদ্রে ছেয়ে যায় দুপুরযৌবন
হামাগুড়ি দিয়ে হাঁটে হলুদ বিকেল
প্রৌঢ় বয়েস যেনো অন্তহীন সান্ধ্যমায়া

দিকচক্রবালে ছায়াসমুদ্রের গান
বিগত সবক খুঁড়ে তুলে আনা বেলোয়ারি-অভিধান
চারদিকে হেঁকে যায় কারা--ছায়া-ছায়া, হিমাদ্রি-হিম

আজ পুড়তে পারি পোড়াতে পারি তাবৎ হিমপর্বত
জারজ শরীরের মতো সুপুষ্ট অনিয়ম
দ্বীপের বন্দরে নোঙর করা দস্যুজাহাজ
পোড়াতে পারি রজনী জুড়ে ফোঁসফাঁস- সাপেদের খামার।

অমৃতোপম সপ্তদ্বীপা

সুমন শামসুদ্দিন

আমার একটা মেঘপলকা হৃদয় আছে,
আমাকে একচিলতে ভালোবাসা দাও-
আমি তোমাকে, এই মুহূর্তে ফোটা,
পৃথিবীর সমস্ত লজ্জাবতী ফুল এনে দিতে পারি!

আমার একটা নিগূঢ়নীল আবেগ আছে,
আমাকে একজোছনা হাসি দাও-
তোমাকে আমি এনে দিতে পারি
গহীন রাতে মুকুলিত আমাজন লিলি!

মননে আছে স্থিত এক নিরুপম অনুভব,
অহর্নিশ প্রজননে রত প্রণয়-লহরি নিরবধি;
আমাকে শুধু এক আবক্ষ অনুপল উষ্ণতা দাও,
আমি তোমাকে সন্নিবদ্ধ রাখতে পারি মৌলজঠরে!

আমার গোপন বায়বীয় প্রকোষ্ঠে,
তুমিবিহীন যেকোনো আলোকতরঙ্গের-
অভিযোজিত প্রবেশাধিকার রোহিত!
তোমার অন্তহীন বাসরেই সৃজন করি-
আমার অমৃতোপম সপ্তদ্বীপা!

সমাধান

শরিফুজ্জামান পল

তাড়া নেই জয়ী হওয়ার
অপেক্ষায় আ-মৃত্যু -!
পরাজিত আমি তবু ও
দুঃখ নেই এতটুকু।

হাট শেষে শূন্য বাজার
বটগাছ কাঁদে মায়ায়,
সফল ব্যর্থ সবাই হাঁটছে
অজানা এক ভুল মোহনায়!

ফল জেনেছি কৈশোরে
ষাটের মানুষ দেখে,
করিনা তাই জীবন ব্যয়
ভুল খ্যাতির লোভে।

তারুণ্যের তরঙ্গ
আবদুল বাতেন

তুমি কেঁদে উঠলে
নেচে উঠে পাড়া- প্রতিবেশী, আনন্দবানে
কুহুতান ঢেউ তোলে বজ্রাহত বনে বনে।
তুমি ভেঙে পড়লে
গান গেয়ে উঠে প্রাণসখা, ব্যাকুল বসন্তে
মিলন মেলা বসে রংধনুর, পুব দিগন্তে।
তুমি হেরে গেলে
প্রাণে প্রাণে আলপনা, পহেলা বৈশাখের উৎসব
বিশ্বজয়ের গৌরবে বোবারও আজব কলরব!
তুমি মুছে গেলে
হাততালি, হাসাহাসি, উষ্ণ আলিঙ্গন- পরস্পরে
চাটনি, চুমুর। ফুলশয্যার সুষমা ঘরে ঘরে।

বিরোধীতা, বর্বরদের
দলিয়ে দু'পায়ে দানবীয় আঁধার এবং আতঙ্ক
টেনে নিয়ে যাও তুমি তারুণ্যের তরঙ্গ।

আধ্যাত্মিক ময়ূর

সাকিব জামাল

জ্বলজ্বল করে অলৌকিক জল। মস্তিষ্ক জুড়ে নাঁচে যমুনার
প্রেম। হাওয়াকুঞ্জে অভিসার বাসনা।
অনাগত অনুজের আহ্বানে, সপ্তর্ষি মন্ডলে গান তোলে আধ্যাত্মিক ময়ূর-
অক্লান্ত যৌবনের আয়োজনে!

প্রকৃতির পুঁথি পাঠ চলে- নদী, পাহাড়, সমতলে।
গুহা সভ্যতা আনন্দে হাসে। আগামী গ্রহিক সভ্যতার স্বপ্ন
দেখে আধুনিক সমকাল। আমি স্থানান্তরিত করি আমাকে
অন্য জনমে! বিনিময়ে, তুমিই আমার আনন্দময়ী সেই
সত্তরটি ফুল!

মাস্তুল

পিয়াংকী

চতুষ্কোণের কোনো রুফটপ নেই।
মানচিত্রে দাগানো আছে চার পুরুষের নামগোত্র
বর্গক্ষেত্রের ভিতর পুকুর

বিকেল মিটলে ব্যালকনিতে আসে যে পরিযায়ী,
ঘুমের ভিতর সুরঙ্গ দিয়ে দেখি,
আমার একটি হাত থেকে ও উৎপন্ন হয়েছে
তাহলে ও কে, আমার সন্তান নাকি আমরা সমকামী?

ঋত্বিক ঘটক ভাবাকেও অনুশীলন করতে বলেছিলেন
তাহলে আমি কোথায় দাঁড়িয়ে?
ভাবতে যাব এমন সময়
কয়েকজন ভিক্ষুক অবরোধ করে,

স্তনসমগ্র এবং পেটের মাঝ বরাবর ট্রেনলাইন,
অবরোধে দাঁড়িয়ে পাখি আর আমি
লোকজন ইঙ্গিত করলেও -আমরা পরস্পরকে বলি,
'lead your metamorphosis'

স্কেচ আকাশের নিচে শান্তিনিকেতন

মুহা.আকমাল হোসেন

মনে পড়ে স্কেচ আকাশের নিচে শান্তিনিকেতন
রামকিঙ্কর রংবস্তি পাশে সাঁওতাল দাম্পত্যের এই বেলা
একটা আর্য সভ্যতার অব্যর্থ তীরফলা
রেটিনা ছুঁয়ে একাঙ্ক দিনের

ছাতিম ছায়ার রিডে এলোমেলো যৌবনের পুনশ্চ লিপি
লালমাটি মাখা আমাদের স্বপ্ন আয়ু।
তোমাকে শুনিয়েছিলাম গীতিবিতানের কয়েক পৃষ্ঠা
খোয়াইয়ের খাদের পাশে।

আঙুলের ত্বকে শ্রাবণ সাঁতরে কোপাই পার গল্পের ডিঙি
সোনাঝুড়ির মাঠে স্পন্দন নাচে কালো মেয়ের ময়ূর ঘুঙুর
মোরগ সিসার মতো সূর্যের রাঙা আগুন মাখা
অভিসারবিম্ব দেহাতি শরীর

পায়ে পায়ে পঙক্তিময় প্রেম শেষের কবিতা
ডাকঘর থেকে ঠাকুরের ডাক নাম উঠে আসে
সেদিন পঁচিশে বৈশাখ কিংবা বাইশে শ্রাবণ।

আয়না

সারমিন চৌধুরী

যে আয়নার দৃশ্যে নিজেকে দেখি
প্রতিবিম্বে হাস্যোজ্জ্বল চেহারার আকৃতি,
স্বর্গসুখের নৈরাজ্য বহমান ঠোঁটে,
সৌন্দর্যের প্রসংশায় মুখের ফেনা তুলে
অথচ, ভিতরকার ক্ষত দৃশ্যহীন।
এই আয়নাও কি সৌন্দর্যের পূজারী?

কাঁচের মত টুকরো হওয়া ভেতরটা
আহাজারিতে বাকরুদ্ধ মৃত প্রায়,
তবু আয়নার সম্মুখে এটি কেবল মুখশ্রী
আমি হাসলে হাঁসে, কাঁদলে লাগে ঝাপ্সা
যেখানে শুধু অস্পষ্ট প্রতিচ্ছবি থাকে,
সেই আয়নায় আমি কাঁটাহীন গোলাপ।

পরিত্রাণ

আসাদুজ্জামান খান মুকুল

মুক্ত বিহঙ্গের মতো মন আজ উড়ে যেতে চায় সুদূরে
খোঁজে পেতে চায় নির্জন কোলাহল মুক্ত আবাস
যেখানে নেই অস্পৃশ্য মানবের অস্ত্রের ঝঙ্কৃত শব্দ
কলুষিত ধরায় প্রতিনিয়ত বয়ে যাওয়া মানবের রক্ত;
যার আঁষটে গন্ধে দূষিত আজ সুনির্মল বাতাস।
বিষাক্ত মলয় স্বচ্ছন্দে টানতে পারছেনা হৃদয়ের তন্ত্রীগুলি
অস্থির চারিদিক, দম বন্ধ হবার উপক্রম!
তাই আজ পরিত্রাণ পেতে চায় মন পাখি
উড়ে যেতে চায় জাগতিক মোহ থেকে দূরদিগন্তে
ফেলতে চায় খানিক স্বস্তির নিঃশ্বাস।

M & N HOME CARE

Best pay rate in the industry

CDPAP
PCA
HHA
$ 23.99

SNAP BENIFITS

HOUSING Assistance

CASH Assistance

Upto $ 21.282.68

Phone : 866-688-6922
Cell : 646-280-5001

Parkchester Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল

INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY

WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM | TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM | SATURDAY 9:00AM-3:00PM

WE ACCEPT ALL
MEDICAID / MEDICARE
MOST INSURANCES
ACCEPTED INCLUDING
WORKERS COMP.
NO-FAULT, SLIP AND FALL.

শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র

আমরা বাংলায় কথা বলি

মেডিক্যাল সময়সূচি:
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মি থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মি থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মি থেকে দুপুর ৩:০০টা

তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!

আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছেঃ • কর্মস্থলের ক্ষতিপুরন • নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

আর নয় সঞ্চয় বিদেশে সঞ্চয় হবে বাংলাদেশে

ডাচ্-বাংলা ব্যাংকের অফশোর ব্যাংকিং-ই দিচ্ছে

সর্বোচ্চ ৮.৪০% ইন্টারেস্ট

০১

কারা অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট খুলতে পারবেন:

অনাবাসী বাংলাদেশি ব্যক্তি নিজের নামে বা আপনজনের নামে এবং বিদেশী ব্যক্তি ও প্রতিষ্ঠান অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট খুলতে পারবেন।

কিভাবে অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট খুলবেন:

অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট করতে হলে বৈদেশিক মুদ্রা প্রেরণের জন্য প্রথমেই একটি ফরেন কারেন্সি (FC) একাউন্ট খুলতে হবে

↓

বিশ্বের যে কোন জায়গা থেকে www.dutchbanglabank.com/offshorebanking ভিজিট করে একটি FC একাউন্ট খুলুন

↓

FC একাউন্ট খোলার পর ব্যাংক থেকে গ্রাহকের কাছে ই-মেইলে ইন্টারনেট ব্যাংকিং আইডি এবং পাসওয়ার্ড পাঠানো হবে

↓

বিদেশস্থ আপনার ব্যাংক একাউন্ট থেকে ডাচ্-বাংলা ব্যাংকের FC একাউন্টে SWIFT-এর মাধ্যমে ফান্ড ট্রান্সফার করুন

↓

ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে www.dutchbanglabank.com/offshorebanking ভিজিট করে নিজে নিজেই ফিক্সড্ ডিপোজিট একাউন্ট করুন

↓

প্রয়োজনে মেয়াদপূর্তির আগেই ফিক্সড্ ডিপোজিট একাউন্ট Redemption করে মুনাফাসহ ফান্ড ফেরত নিতে পারবেন

↓

মেয়াদপূর্তির পর অটো রিনিউয়ালের সুবিধা নিতে পারবেন অথবা Redemption করে মুনাফাসহ ফান্ড ফেরত নিতে পারবেন

০২

১০০,০০০+ USD/CAD/AUD/GBP/Euro ফিক্সড্ ডিপোজিট-এর জন্য এক্সক্লুসিভ অফার:

১০০,০০০ USD/CAD/AUD/GBP/Euro বা তার চেয়ে বেশি পরিমাণের অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট করলে আরও পাচ্ছেন একটি প্রায়োরিটি পাস সহ ভিসা/মাস্টারকার্ড ব্র্যান্ডের ইন্টারন্যাশনাল ডেবিট কার্ড যার মাধ্যমে পাবেন:

প্রায়োরিটি পাস ব্যবহার করে

- ☑ প্রতিবার বিদেশ ভ্রমণকালে ৪ জনের জন্য বিশ্বের বিভিন্ন আন্তর্জাতিক বিমানবন্দর এবং ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরের বলাকা লাউঞ্জ ব্যবহার সম্পূর্ণ ফ্রি।

ইন্টারন্যাশনাল ডেবিট কার্ড ব্যবহার করে

- ☑ ডাচ্-বাংলা ব্যাংক-এর নির্ধারিত শাখায় ভিআইপি লাউঞ্জ সুবিধা।
- ☑ ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে ফ্রি এয়ারপোর্ট পিক এন্ড ড্রপ এবং মিট এন্ড গ্রিট-এর সুবিধা।
- ☑ স্কয়ার/ইউনাইটেড/এভারকেয়ার হাসপাতালে বছরে ১ বার ফ্রি স্বাস্থ্য পরীক্ষা।
- ☑ FC একাউন্ট থেকে ইন্টারন্যাশনাল ডেবিট কার্ড এর মাধ্যমে বিশ্বের যে কোন জায়গা থেকে ক্যাশ উত্তোলন (অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট থেকে ক্যাশ উত্তোলন করতে হলে তা Redemption করে FC একাউন্টে নিয়ে তা থেকে উত্তোলন করতে হবে)।

০৩

FC একাউন্টের বৈশিষ্ট্য ও সুবিধাসমূহের মধ্যে রয়েছে:

- ন্যূনতম ১,০০০ USD / CAD / AUD / GBP / Euro দিয়ে অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট করা যাবে।
- জমাকৃত অর্থ মুনাফাসহ যে কোন সময় বিদেশে নেওয়া যাবে।
- অফশোর একাউন্ট-এর স্থিতি বাংলাদেশের যে কোন ব্যাংকের একাউন্টে স্থানান্তর করা যাবে।
- অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট এর অর্জিত ইন্টারেস্ট সম্পূর্ণ করমুক্ত।

কেন ডাচ্-বাংলা ব্যাংকের সাথে অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট একাউন্ট খুলবেন?

ডাচ্-বাংলা ব্যাংক বাংলাদেশের ব্যাংকিং জগতে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য নাম। ইহা প্রথম সারির একটি ব্যাংক।

সেরা রেটিং প্রাপ্ত ব্যাংক:

১। ডাচ্-বাংলা ব্যাংক দেশের ক্রেডিট রেটিং এজেন্সি CRAB কর্তৃক গত ২ বছর যাবৎ 'AAA' রেটিং পেয়ে আসছে।

২। দেশের হাতে গোনা কয়েকটি ব্যাংক আন্তর্জাতিক রেটিং কোম্পানি দ্বারা রেটিং করিয়েছে , ডাচ্-বাংলা ব্যাংক এদের মধ্যে অন্যতম। ডাচ্-বাংলা ব্যাংক আন্তর্জাতিক ক্রেডিট রেটিং কোম্পানি Moody's কর্তৃক B2 এবং S&P Global কর্তৃক B রেটিং প্রাপ্ত একটি ব্যাংক। উভয় কোম্পানিই ডাচ্-বাংলা ব্যাংকের আউটলুক 'Stable' হিসেবে বর্ণিত করেছে।

০৪

অনন্য বৈশিষ্ট্য সম্বলিত ব্যাংক:

১। ডাচ্-বাংলা ব্যাংকের ২০২৩ সালের নেট প্রফিট ছিল ৮০১ কোটি টাকা, যা Solo পদ্ধতিতে বাংলাদেশের প্রাইভেট ব্যাংকগুলোর মধ্যে সর্বোচ্চ।

২। ডাচ্-বাংলা ব্যাংক ২০২৩ সালে ৩৫% ডিভিডেন্ড প্রদান করেছে; যা ছিল ব্যাংকগুলোর মধ্যে সর্বোচ্চ।

৩। ডাচ্-বাংলা ব্যাংকের ক্যাপিটাল এডিকিউসি রেশিও হল ১৬.১৬%, যেখানে BASEL-III অনুযায়ী এর প্রয়োজন ১২.৫%। অর্থাৎ ব্যাংকটির ক্যাপিটাল খুবই শক্তিশালী।

৪। ২০২৩ সাল শেষে ডাচ্-বাংলা ব্যাংকের NPL ছিল ৪.১৪%, যেখানে দেশের গড় NPL ৯% এর বেশি। অর্থাৎ ব্যাংকটির এসেট কোয়ালিটি অনেক ভালো।

৫। ব্যাংকটির SLR/CRR ঘাটতি ও প্রভিশন ঘাটতি নেই।

৬। বিগত ডলার সংকট কালীন সময়ে LC পেমেন্ট ডাচ্-বাংলা ব্যাংক কখনও ডিফল্ট করে নাই। অর্থাৎ ব্যাংকটি যথাসময়ে সকল LC এর পেমেন্ট প্রদান করতে সক্ষম হয়েছে।

৭। ডাচ্-বাংলা ব্যাংকের লিকুইডিটি খুবই ভালো। তাই ব্যাংকটি কখনো লিকুইডিটি ক্রাইসিসে পড়ে নাই। আর এই লিকুইডিটির ৯০ শতাংশই লো-কস্ট ডিপোজিট দ্বারা গঠিত। এটি প্রমাণ করে যে ডাচ্-বাংলা ব্যাংকের প্রতি সাধারণ মানুষের প্রচুর আস্থা রয়েছে।

৮। ডাচ্-বাংলা ব্যাংক একটি Tech-Savvy ব্যাংক। ব্যাংকটির রয়েছে ৭,০০০ ATM/CRM যা সারা দেশের প্রায় অর্ধেক। এই ATM/CRM সমূহ সারা বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে স্থাপন করা হয়েছে। তাছাড়া ব্যাংকটির রয়েছে ১.৫ কোটি ডেবিট কার্ড ও ৩.৫ লক্ষ ক্রেডিট কার্ড। আরও রয়েছে NexusPay নামক একটি জনপ্রিয় মোবাইল অ্যাপ, যা যে কোন দেশ থেকে ব্যবহার করা যায়।

৯। আর্থিক অন্তর্ভুক্তির জন্য ডাচ্-বাংলা ব্যাংকের রয়েছে Rocket নামক একটি MFS এবং ফিঙ্গার প্রিন্ট দ্বারা পরিচালিত একটি এজেন্ট ব্যাংকিং সিস্টেম, যা গ্রামাঞ্চলে বিপুল জনপ্রিয়তা অর্জন করেছে।

১০। ব্যাংকটির কার্ড ও আইটি সিস্টেম এবং ডেটা সেন্টার PCI-DSS, ISO/IEC 27001:2013 এবং Tier-4 সার্টিফিকেট প্রাপ্ত। তাছাড়া রয়েছে দুইটি Active-Active ডেটা সেন্টার।

১১। ব্যাংকটি CSR খাতে এ পর্যন্ত ১,০৮২ কোটি টাকা ব্যয় করেছে।

১২। ডাচ্-বাংলা ব্যাংক দুই বার DHL-Daily Star কর্তৃক Best Financial Institute এওয়ার্ড পেয়েছে, যা ব্যাংক কোম্পানির ক্ষেত্রে বিরল।

১৩। ব্যাংকটি পর পর ৪ বার এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক থেকে TFP এওয়ার্ড পেয়েছে।

১৪। ব্যাংকটি ICT মিনিস্ট্রি ও বেসিস কর্তৃক Best Digital Bank এওয়ার্ড অর্জন করেছে।

১৫। ব্যাংকটি পর পর ৫ বার বাংলাদেশ ব্যাংক এর Remittance এওয়ার্ড পেয়েছে।

অফশোর ব্যাংকিং ফিক্সড্ ডিপোজিট -এর মেয়াদ এবং সুদ হার (১২ মে, ২০২৪ ভিত্তিক*)

মেয়াদ	সুদ হার				
	AUD	CAD	EUR	GBP	USD
৩ মাস	৫.৮৫%	৬.৪৩%	৫.৪২%	৬.৬৩%	৬.৮২%
৬ মাস	৫.৮৫%	৬.৪৩%	৫.৪৪%	৬.৫৪%	৬.৭৮%
১ বছর	৫.৮৫%	৬.৪৩%	৫.২৯%	৬.৩৫%	৬.৬৪%
২ বছর	৬.৬০%	৭.১৮%	৬.০৪%	৭.১০%	৭.৩৯%
৩ বছর	৬.৬০%	৭.১৮%	৬.০৪%	৭.১০%	৭.৩৯%
৪ বছর	৭.৬০%	৮.১৮%	৭.০৪%	৮.১০%	৮.৩৯%
৫ বছর	৭.৬০%	৮.১৮%	৭.০৪%	৮.১০%	৮.৩৯%

*বিঃদ্রঃ মুনাফার হার রেফারেন্স রেট (ডলারের জন্য SOFR রেট, ইউরোর জন্য ESTR রেট ইত্যাদি)-এর সাথে পরিবর্তনশীল, কিন্তু একবার ফিক্সড্ ডিপোজিট করে ফেলালে এটি স্থির।

প্রয়োজনে কল করুন:

অফশোর ব্যাংকিং হটলাইন নাম্বার:
+৮৮০ ১৯৩৮ ৮০ ১৭ ৫৬
+৮৮০ ১৮১০ ১৭ ৭৩ ৯৩
+৮৮০ ১৯৬৮ ৩৭ ৮১ ৩২

অথবা
ই-মেইল করুন:
obd@dutchbanglabank.com

SWIFT Code: DBBLBDDH

ডাচ্-বাংলা ব্যাংক পিএলসি
আপনার বিশ্বস্ত সহযোগী
৪৭, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
www.dutchbanglabank.com

PEOPLE UNITED FOR PROGRESS
POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

People United for Progress

ব্রুকলিন মেলা আগামী নেতৃত্বের জয়গান

Brooklyn Fair A Ballad of Emerging Leadership

হাজারো মানুষের এই উত্তাল জনস্রোত, লক্ষ স্বপ্নের জন্ম দিতে পারে। আমরা নিউইয়র্কের সকল জাতিগোষ্ঠির মাঝে আমাদের স্বকীয়তা নিয়েই মূলধারায় নেতৃত্ব গড়ে তুলছি।

- স্যার ড. আবু জাফর মাহমুদ, *গ্লোবাল পিস অ্যাম্বাসেডর*

বাংলাদেশি ভাই বোনেরা অনেক ভাগ্যবান যে অ্যামব্যাসেডর ড. আবু জাফর মাহমুদের মতো একজন নেতৃত্ব পেয়েছেন। তিনি শুধু বাংলাদেশিদের মাঝেই নন, জাতিসংঘ এমনকি আফ্রিকান কামউনিটির মাঝেও তার নেতৃত্বের সাক্ষর রেখেছেন।

- অ্যামব্যাসেডর ডিওর ফল, *প্রেসিডেন্ট, থাউজেন্টস শেডস অফ উইমেন*

This wave of thousands of people can generate millions of dreams. We aspire to guide New Yorkers, honoring ethnic identities, into mainstream leadership.

Sir Dr. Abu Zafar Mahmood, Global Peace Ambassador

Bangladeshi brothers and sisters are very fortunate to have a leader like Ambassador Dr. Abu Zafar Mahmood. He has demonstrated his leadership not only among Bangladeshis but also within the UN and even the African community.

Ambassador Dior Fall, *President, 1000 Shades of Women*



প্রথম আলো

Prothom Alo North America
23 May 2024, Thursday, Issue 375

২৩ মে ২০২৪, ৯ জ্যৈষ্ঠ ১৪৩১, ১৫ জিলকদ ১৪৪৫, বৃহস্পতিবার

নিউইয়র্ক সিটি পুলিশ কর্তৃপক্ষের কমিউনিটি অ্যাফেয়ার্স ডেপুটি চিফ রিচার্ড টেইলর হাত থেকে সম্মাননা স্মারক গ্রহণ করছেন প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মনজুরুল হক

স্বদেশি বৃহত্তম মেলায় সম্মানিত উত্তর আমেরিকা প্রথম আলো

নিউইয়র্ক

১৯ মে ব্রুকলিন মেলায় কভিড-১৯ মহামারির সময়ে অনন্য ভূমিকা রাখায় প্রথম আলো উত্তর আমেরিকাকে সম্মাননা জানানো হয়।

বিশেষ প্রতিনিধি

নিউইয়র্কে স্বদেশি বৃহত্তম মেলায় প্রবাসীদের মুহুর্মুহু অভিবাদন ও করতালির মধ্যে প্রথম আলো উত্তর আমেরিকার জন্য সম্মাননা স্মারক গ্রহণ করা হয়। ১৯মে রোববার নিউইয়র্কে বাংলাদেশিদের সবচেয়ে বড় মেলা হিসেবে পরিচিত ব্রুকলিন মেলায় কভিড-১৯ মহামারির প্রলয়ের সময়ে অনন্য ভূমিকা রাখার জন্য সংবাদমাধ্যম হিসেবে প্রথম আলো উত্তর আমেরিকাকে সম্মাননা জানানো হয়। প্রথম আলো উত্তর আমেরিকার নির্বাহী সম্পাদক মনজুরুল হক এ সম্মাননা আনুষ্ঠানিকভাবে গ্রহণ করেন।

বাংলাদেশি আমেরিকান ফ্রেন্ডশিপ সোসাইটি অব ইউএসএ (বাফস) ও ৬৬ প্রিসেন্ট কমিউনিটি কাউন্সিল আয়োজিত জনাকীর্ণ ব্রুকলিন মেলায় প্রথম আলোর জন্য সম্মাননা স্মারক তুলে দিয়েছেন নিউইয়র্ক সিটি পুলিশ কর্তৃপক্ষের কমিউনিটি অ্যাফেয়ার্স ডেপুটি চিফ রিচার্ড টেইলর। এসময় নিউইয়র্ক সিটির অফিসিয়েল, আয়োজক এবং জনসমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সম্মাননা স্মারক গ্রহণ করে মনজুরুল হক তাঁর প্রতিক্রিয়ায় বলেছেন, প্রথম আলোকে সম্মাননা ও স্বীকৃতি জানিয়ে মেলার আয়োজকরা নিজেরাই সম্মানিত হলেন। তিনি বলেছেন, একটি সংবাদপত্র বা সাংবাদিকরা কোন সম্মাননা প্রাপ্তির জন্য নয়, সবসময় নিজেদের দায় থেকে কাজ করে। প্রাপ্ত সম্মাননা প্রথম আলো উত্তর আমেরিকার সাথে জড়িত সকলের উল্লেখ করে তিনি আয়োজকদের ধন্যবাদ জানান।

উল্লেখ্য, ২০২০ সালের শুরুতে নিউইয়র্কে কভিড-১৯ সংক্রমিত হলে যেন প্রলয় শুরু হয়েছিল। লাশের স্তূপ পড়েছিল নগরের হাসপাতালগুলোতে। কারফিউ চালু হয়, নিউইয়র্কের মতো বিশ্বের কোলাহলময় নগর ভুতুড়ে নগরে পরিণত হয়। সাইরেন আর অ্যাম্বুলেন্সের ভীতিকর শব্দে কেঁপে কেঁপে উঠছিল সমস্ত নিউইয়র্ক।

এমন বাস্তবতায় অধিকাংশ বাংলা সংবাদপত্র তাদের ছাপা প্রকাশনা বন্ধ করে দেয়। কঠিন এমন বাস্তবতায় বিশেষ উদ্যোগে প্রথম আলো উত্তর আমেরিকা তাদের অনলাইন নিয়মিত আপডেটের পাশাপাশি ছাপা পত্রিকা প্রকাশনা ও বিতরণ অব্যাহত রেখেছিল। প্রথম আলোর প্রায় ৪০ জন কর্মী নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রের সর্বত্র যুদ্ধকালীন সাংবাদিকতার প্রত্যয় নিয়ে কাজ করেছেন। ম্যানহাটনের মতো মৃত্যুপুরী এলাকায় প্রথম আলোর ফটোগ্রাফার নিয়মিত ছবি ধারণ করতে পেরেছেন। প্রলয়কালের এসব ছবি এবং সংবাদ বিশ্বের সবচেয়ে বড় বাংলা পোর্টালে নিয়মিত হালনাগাদ করা হচ্ছিল। পাশাপাশি নিউইয়র্কের জনসমাজের চাহিদার কথা বিবেচনা করে সাপ্তাহিক বুলেটিন ছাপা সংস্করণে প্রকাশিত হচ্ছিল।

বাংলাদেশি বহু প্রবাসী এখনও অনলাইনে শতভাগ অভ্যস্ত হয়ে উঠেননি। করোনা মহামারিকালে মসজিদে, মন্দিরে এবং বাংলাদেশি গ্রোসারিগুলোতে ছাপা প্রথম আলো নিয়মিত পৌঁছানো হয়েছে কোন বিরতি ছাড়াই। সংবাদ ছাড়াও ঘরে

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ১

আমার জন্ম হয়নি, ঈশ্বর আমাকে পাঠিয়েছেন: মোদী

উত্তর আমেরিকা ডেস্ক

নরেন্দ্র মোদি

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দাবি করেছেন—আর পাঁচজন স্বাভাবিক মানুষের মতো জৈবিক প্রক্রিয়ায় তাঁর জন্ম হয়নি। তাঁকে স্বয়ং ঈশ্বর পাঠিয়েছেন।

তবে বিষয়টি একান্তই তাঁর নিজের ভাবনা বলে জানিয়েছেন ভারতীয় প্রধানমন্ত্রী। ক্লান্তিহীনভাবে টানা কাজ করার শক্তি কোথায় পান—এই প্রসঙ্গেই নিজের মত তুলে ধরেছেন তিনি। নিজের দল ক্ষমতাসীন বিজেপির অন্দরমহলেও এমন কথা প্রচলিত আছে যে, প্রধানমন্ত্রী

এরপর পৃষ্ঠা ৩০ কলাম ৫

কমিউনিটি অপ:এডে মেয়র

এই গ্রীষ্মে চাকরির নতুন সুযোগ থাকবে

এইচ বি রিতা

এরিক অ্যাডামস

নিউইয়র্ক সিটির অর্থনীতি যে সমৃদ্ধ ও শক্তিশালী, তা নিয়ে কোনো সন্দেহ নেই- বলেছেন সিটি মেয়র এরিক অ্যাডামস্। সোমবার ২০ মে কমিউনিটি অপ:এড-এ তিনি দৃঢ়তার সাথে এ কথা বলেন। তিনি বলেন, 'এই মুহূর্তে, নিউইয়র্ক সিটি একটি অর্থনৈতিক সমৃদ্ধির সম্মুখীন হচ্ছে যা চাকরি সৃষ্টি এবং সুযোগের ক্ষেত্রে রেকর্ডের পর রেকর্ড ভেঙে দিচ্ছে। আমাদের শহরে, আমরা বেসরকারী খাতের চাকরির জন্য আরেকটি

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩

বাবা-মার মাঝে ফেডারেল জাজ নুসরাত জাহান চৌধুরী

‘আমাদের মেয়ে আমাদের গর্ব’

জেসমিন চৌধুরী

নিউইয়র্কের সেন্ট্রাল ইসলিপের ফেডারেল প্লাজা। যুক্তরাষ্ট্র সরকারের ফেডারেল কোর্টহাউসের বিশাল সেরেমনিয়াল কোর্টরুম। মেঝে থেকে ছাদের বিশাল উচ্চতা যেন এই কামরায় অনুষ্ঠিত সমস্ত কর্মকাণ্ডের সীমাহীন এবং সুউচ্চ গুরুত্বেরই প্রতীক। আমি এবং আমার জীবনসঙ্গী অপু তৃতীয় সারিতে আমাদের জন্য সংরক্ষিত চেয়ার দুটো খুঁজে নিয়ে বসে পড়ি। যে কারণে আমরা আটলান্টিক মহাসমুদ্র পাড়ি দিয়ে সুদূর ম্যানচেস্টার থেকে যুক্তরাষ্ট্রের লং আইল্যান্ডে ছুটে এসেছি, সেই বহু প্রতীক্ষিত মাহেন্দ্রক্ষণটি অবশেষে উপস্থিত হয়েছে। কিছুক্ষণের মধ্যেই অপুর অত্যন্ত আদরের চাচাতো বোন এবং আমার স্নেহের ননদ নুসরাত জাহান চৌধুরী যুক্তরাষ্ট্রের প্রথম মুসলিম নারী এবং প্রথম বাংলাদেশী আমেরিকান ফেডারেল বিচারক হিসেবে শপথ গ্রহণ করবেন।

কোর্টরুমে তিল ধারণের স্থান নেই। এই ঐতিহাসিক ঘটনার সাক্ষী হতে বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে ছুটে এসেছেন নুসরাতের বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন, ল’ স্কুলের সহপাঠী ও প্রাক্তন এবং বর্তমান সহকর্মীগণ। মঞ্চে আসীন রয়েছেন সম্মানিত ফেডারেল বিচারকগণ। আমন্ত্রিত অতিথিদের মধ্যে প্রথম সারিতে আসীন রয়েছেন যুক্তরাষ্ট্র সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা সম্মানিত চার্লস ই শুমার এবং নিউইয়র্কের সাউদার্ন ডিস্ট্রিক্টের সম্মানিত বিচারক ডেনিস কোট যার ল’ ক্লার্ক হিসেবে দেড় যুগ আগে নুসরাত চৌধুরীর এই গৌরবময় যাত্রা শুরু হয়েছিল। দীর্ঘদিন বিভিন্ন জনকল্যাণমূলক পদে নিয়োজিত থাকার পর ২০২১ সালে চার্লস শুমার

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

সম্পাদক: **ইব্রাহীম চৌধুরী**, নির্বাহী সম্পাদক: **মনজুরুল হক**। প্রথম আলো উত্তর আমেরিকা কর্তৃক ৩৭-১৮, ৭৩ ষ্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক-১১৩৭২ থেকে প্রকাশিত।
ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, **ই-মেইল**: **নিউজ**: news@prothomalony.com, **বিজ্ঞাপন**: cm@prothomalony.com